পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের
মাঝে এক অপরূপ
ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ৪ কলকাতা Volume No. 30, Issue No.: 42 Saturday, 11 January, 2025 ✱ ৩০ বর্ষ, ৪২ সংখ্যা ✱ ২৪ পৌষ ১৪৩১, শনিবার, ১১ জানুয়ারি, ২০২৫ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

মোদি বললেন, 'আমি মানুষ, ঈশ্বর নই'

নয়াদিল্লি, ১০ জানুয়ারি ঃ তাঁর জন্ম জৈবিক প্রক্রিয়ায় নয়। তাঁর শক্তির উস ঈশ্বর প্রদত্ত। ঈশ্বরের অংশ আছে তাঁর মধ্যে। লোকসভা ভোটের আগে এই কথাগুলি বলতে শোনা গিয়েছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে। যা নিয়ে বিস্তর বিতর্কও হয়েছে। এবার সেই মোদিই এখন বললেন, তিনিও আর পাঁচজনের মতো সাধারণ মানুষ। কোনও ঈশ্বর নন। আসলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক শিল্পপতির পডকাস্টে অতিথি হিসাবে অংশ নিয়েছেন। জেরোধা'র অন্যতম কর্ণধার নিখিল কামাথের ওই পডকাস্টের প্রাথমিক ঝলক প্রকাশ্যে এসেছে। সেই পডকাস্টেই কথা প্রসঙ্গে প্রধানমন্ত্রীকে বলতে শোনা গিয়েছে, আমিও সাধারণ মানুষ। কোনও দেবতা নই। মোদি বলেন, মুখ্যমন্ত্রী থাকাকালীন একটা ভাষণ অযাচিত মন্তব্য করেছিলাম। কিন্তু ভুল তো আমারও হয়। আমিও মানুষ। তবে ঠিক কী প্রসঙ্গে প্রধানমন্ত্রী ওই কথা বলেছেন, সেটা স্পষ্ট নয়। তবে প্রধানমন্ত্রীর এই মন্তব্যকে অনেকে লোকসভা ভোটের আগে তাঁর করা মন্তব্যের সঙ্গে জুড়ে দিচ্ছেন। সেসময় প্রধানমন্ত্রী ঘুরিয়ে দাবি করেছিলেন, তিনি পরমেশ্বরের কৃপাধন্য। এমনকী তাঁর জন্মও আর পাঁচটা সাধারণ মানুষের মতো জৈবিক প্রক্রিয়ায় হয়নি। লোকসভা ভোটের আগে প্রধানমন্ত্রী বলেছিলেন, মা যতদিন বেঁচে ছিলেন আমার মনে হত, হয়তো জৈবিক প্রক্রিয়ায় আমার জন্ম হয়েছে। কিন্তু মায়ের মৃত্যুর পর নানা রকম অভিজ্ঞতা থেকে আমি নিশ্চিত হয়ে গিয়েছি যে আমাকে পরমাত্মা পাঠিয়েছেন। এত শক্তি আমি কোনও জৈবিক প্রক্রিয়া থেকে পাইনি। ঈশ্বর আমাকে দিয়ে কাজ করাতে চান, সেজন্য আমাকে এই শক্তি তিনিই দিয়েছেন। আমাকে সামর্থ্যও তিনি দিয়েছেন, সদিচ্ছাও তিনি দিয়েছেন, প্রেরণাও তিনিই দিচ্ছেন। প্রধানমন্ত্রী জানতেন, তাঁর এই মন্তব্য অনেকেই অপব্যাখ্যা করবে। ভালোভাবে নেওয়া হবে না। সেটাও উল্লেখ করেন ওই সাক্ষাকারে। পরে দেখা যায় কংগ্রেস-সহ বিরোধীরা মোদিকে 'নন বায়োলজিক্যাল' প্রধানমন্ত্রী বলে কটাক্ষ করেছে। সদ্য পডকাস্টে দেওয়া সাক্ষাকারে কি সে কটাক্ষেরই জবাব দিলেন প্রধানমন্ত্রী?

নেতাজি বিতর্কে মমতাকে চিঠি নরেনের, পাল্টা প্রতিক্রিয়া কুণালের

কলকাতা, ১০ জানুয়ারি ঃ তুলনায় অংশত নেতাজির চেয়েও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এগিয়ে রেখে সম্প্রতি এক বিবৃতি দিয়েছেন তৃণমূল নেতা কুণাল ঘোষ। তা নিয়ে তৈরি বিতর্কে কুণাল তাঁর বক্তব্যে অবিচল রয়েছেন। বৃহস্পতিবার কুণালের মন্তব্যের প্রতিবাদ করে মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন সারা ভারত ফরওয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক নরেন চট্টোপাধ্যায়। এর পর কুণাল পাল্টা তাঁর প্রতিক্রিয়া দিয়েছেন। সঠিক বিবৃতি দিয়ে বিষয়টির নিষ্পত্তি এবং কুণালের নিঃশর্ত ক্ষমাপ্রার্থনা দাবি চিঠিতে করেছেন নরেনবাবু। সামাজিক মাধ্যমে কুণাল নরেনবাবুকে লিখেছেন, আপনার মুখ্যমন্ত্রীকে লেখা চিঠির পরিপ্রেক্ষিতে স্বতঃপ্রণোদিতভাবে আমি আবার বলছি নেতাজি দেশনায়ক। আমাদের গর্ব। আমার মতে আজাদ হিন্দ সরকারের কারণে নেতাজিকে দেশের প্রথম প্রধানমন্ত্রীর স্বীকৃতি দেওয়া উচিত। রাজ্যসভায় আমি নেতাজি মৃত্যুরহস্যের সব ফাইল প্রকাশ্যে আনার দাবিতে সরব ছিলাম। নেতাজি বিশ্বের মানচিত্রের একজন সেরা বিপ্লবী। ভারতের স্বাধীনতা সংগ্রামের অন্যতম মহানায়ক। সর্বকালের সেরা অন্যতম বাঙালি। কিন্তু কংগ্রেস থেকে বেরিয়ে আলাদা দল গড়ে সাফল্যের প্রশ্নে নেতাজি বা আমার পরম শ্রদ্ধেয় প্রণব মুখোপাধ্যায়ের থেকে অনেক এগিয়ে এবং সফল মমতা বন্দ্যোপাধ্যায়। নেতাজি দল গঠন করেছিলেন, কিন্তু তাঁর পরিচয় সেই দল হয়ে ওঠেনি। তাঁর উত্থান আরেক ভিন্ন স্রোতের নেতৃত্বে। আর মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেস বাংলার মানুষের আশীর্বাদে রাজ্যে তৃতীয়বার সরকারে, কেন্দ্রে একাধিকবার সরকারে, সারা দেশে রাজনীতিতে ও উন্নয়নের মডেলে এই দলের প্রভাব। ফলে নেতাজির জায়গায় নেতাজির যেমন মহাউচ্চতা ছিল, আছে, থাকবে তেমনি কংগ্রেস থেকে বেরিয়ে একা দল গড়ে সাফল্যের প্রসঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বটা স্বীকার করুন। আপনার নেতা অশোক ঘোষ জীবিত থাকলে এই বাস্তবটা মানতেন।

খয়রাতির পাল্টা খয়রাতি! দিল্লি দখলে বিজেপির ভরসা সেই 'রেওড়ি'

নয়াদিল্লি, ১০ জানুয়ারি ঃ নির্বাচনী রাজনীতিতে 'রেওড়ি পছন্দ করতেন না প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেটা অবশ্য অনেক আগের কথা। তারপর বিরোধীদের পালটা 'রেওড়ি' রাজনীতি শুরু করেছে বিজেপিও। ২০২৪ লোকসভা নির্বাচন, ছত্তিশগ।-মধ্যপ্রদেশের নির্বাচন, মহারাষ্ট্র নির্বাচন এবং হরিয়ানা নির্বাচনে সেই খয়রাতি রাজনীতিতে সাফল্যও এসেছে। সেই সাফল্যকে হাতিয়ার করেই দিল্লির ভোট ময়দানে নামতে চলেছে বিজেপি। শোনা যাচ্ছে, দিল্লির ভোটে জিততে একের পর এক খয়রাতি প্রকল্পের প্রতিশ্রুতি দিতে পারে বিজেপি। আসলে প্রায় ৩ দশক দিল্লি জয় করতে পারেনি গেরুয়া শিবির। বিজেপি জানে, দিল্লিতে খয়রাতির রাজনীতিতেই সাফল্য পেয়েছে আপ। সেই পথ ধরতে চায় বিজেপি। হরিয়ানা, মধ্যপ্রদেশে যে সব প্রকল্প সফল হয়েছে সেগুলিই দিল্লিতে পুনরাবৃত্তি করতে পারে গেরুয়া শিবির। লাডলি বহেনা প্রকল্প মহারাষ্ট্র ও মধ্যপ্রদেশে বিপুল সাফল্য এনে দিয়েছিল বিজেপিকে। এবার দিল্লি দখলে সেই প্রকল্প রাজধানীতে চালু করার প্রতিশ্রুতি দিয়ে গেরুয়া শিবির প্রচারে নামতে পারে বলে সূত্রের খবর। এই প্রকল্পের নাম দেওয়া হতে পারে 'পেয়ারি দিদি' যোজনা। এই প্রকল্পে মহিলাদের ২ হাজার ৫০০ টাকা ভাতা দেওয়া হবে। এছাড়াও বিদ্যুতে বিপুল ছাড় দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হতে পারে গেরুয়া শিবিরের ইস্তাহারে। অন্যদিকে, সূত্রের খবর, কেজরিওয়ালকে চাপে রাখতে ৩০০ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যু দেওয়ার প্রতিশ্রুতি দিতে পারে বিজেপি। মন্দির, গুরুদ্বারে ৫০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ নিখরচায় জোগানোর প্রতিশ্রুতি দিতে পারে তারা। ইস্তাহারে থাকতে পারে নিখরচায় পানীয় জলের প্রতিশ্রুতি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইতিমধ্যেই দিল্লিতে একাধিক পরিকাঠামো সংক্রান্ত প্রকল্পের উদ্বোধন করেছেন। আগামী দিনে আরও একাধিক প্রতিশ্রুতি ঘোষণা করতে পারে গেরুয়া শিবির। দিল্লি বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি, কংগ্রেস তিন শিবিরই জোরকদমে প্রচার শুরু করে দিয়েছে। আপ ইতিমধ্যেই ৭০ আসনের প্রার্থী ঘোষণা করে দিয়েছে। কংগ্রেসও অধিকাংশ আসনে প্রার্থী ঘোষণা করেছে। তবে সে তুলনায় খানিকটা পিছিয়ে বিজেপি। গেরুয়া শিবির ঘোষণা করেছে ২৯ আসনের প্রার্থী। তবে প্রচার এবং প্রতিশ্রুতির বহরে কোনওভাবেই পিছিয়ে থাকতে নারাজ গেরুয়া শিবির।

প্রধান শিক্ষক নিয়োগে গোটা প্যানেলে স্থগিতাদেশ জারি করল হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ কলকাতা জেলায় প্রাথমিকে প্রধান শিক্ষক নিয়োগ প্যানেলে স্থগিতাদেশ দিল কলকাতা হাইকোর্ট। অভিজ্ঞতার ভিত্তিতে প্রধান শিক্ষক নিয়োগের প্যানেল তৈরি না করে কলকাতা জেলা প্রাথমিক শিক্ষা সংসদে নিয়োগের অভিযোগ। পুরো প্যানেলের ওপর আপাতত স্থগিতাদেশ জারি করেছেন বিচারপতি বিশ্বজি বসু। ২১ জানুয়ারি রাজ্যকে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি। নিয়ম অনুয়ায়ী (সিনিয়রিটি) চাকরিতে নিযুক্ত হওয়ার পর কতদিন চাকরি করছেন সেই ভিত্তিতে নিয়োগের প্যানেল তৈরি করে জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদ। কিন্তু সিনিয়রিটির ভিত্তিতে প্যানেল তৈরি নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে। পর্ষদের তালিকা নিয়ে প্রশ্ন তুলে আদালতের দ্বারস্থ হন শিক্ষিকা বনশ্রী মাইতি। এদিন আদালতে সওয়াল জবাবের

সময়ে আইনজীবী ফিরদৌস শামিমের তুলে ধরেন, আবেদনকারী বনশ্রী মাইতি কলকাতার একটি স্কুলে কর্মরত। শিক্ষিকার অভিযোগ তিনি ২০০৩ সালে মেদিনীপুরে একটি স্কুলে চাকরি পান। পরে ২০০৭ সালে তিনি কলকাতার একটি স্কুলে বদলি হন। তিনি বর্তমানে যে স্কুলের সহ শিক্ষিকা সেই স্কুলে সঙ্ঘমিত্রা সিনহা নামে এক শিক্ষিকাকে প্রধান শিক্ষিকা হিসাবে পাঠানো হয়েছে। এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বনশ্রী মাইতি। বনশ্রী মাইতির অভিযোগ, সিনিয়ারিটির ভিত্তিতে প্রধান শিক্ষক নিয়োগের প্যানেল তৈরি করা হয়েছে। কিন্তু সঙ্ঘমিত্রা সিনহা ২০০৬ সালে চাকরিতে নিযুক্ত হয়েছিলেন। ২১ জনের নামে যে তালিকা প্রাথমিক শিক্ষা পর্ষদ করেছে সেখানে সঙ্ঘমিত্রা সিনহার নাম আগে কীভাবে এল? তিনি তো পরে চাকরি পেয়েছিলেন? প্রশ্ন তোলেন বনশ্রী। রাজ্যের আইনজীবী ভাস্কর প্রসাদ বৈশ্যের যুক্তি, ২০০৭ সালের বদলিটাকে নতুন নিয়োগ হিসাবে ধরা হয়েছে। কিন্তু দুপক্ষের বক্তব্য শোনার পর বিচারপতি প্রধান শিক্ষক নিয়োগ প্যানেলে স্থগিতাদেশের নির্দেশ দেন।

'কালীঘাটের কাকু'র কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের অনুমতি পেল সিবিআই

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ শিক্ষক নিয়োগ মামলায় এবার 'কালীঘাটের কাকু' ওরফে সুজয়কৃষ্ণ ভদ্রর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহে অনুমতি সিবিআই-কে দিল বিশেষ আদালত। আগামী ২১ জানুয়ারি তাঁকে আদালতে পেশ করে তা সংগ্রহ করতে পারবেন তদন্তকারীরা বলে জানতে পারা গিয়েছে। শুক্রবার বিচারক জানিয়েছেন, সুজয়কৃষ্ণ চাইলে তবেই তাঁর কণ্ঠস্বরের নমুনা নিতে পারবে সিবিআই, তা নইলে নয়। এর পাশাপাশি এই মামলায় পার্থ চট্টোপাধ্যায়ের জামাই কল্যাণময় ভট্টাচার্যকে বিদেশ যাওয়ার অনুমতিও দিল আদালত। ইতিমধ্যে নিয়োগ দুর্নীতি মামলায় তাঁর বিরুদ্ধে চার্জ গঠিত হয়েছে। সুজয়কৃষ্ণ ভদ্র ইডির মামলা থেকে অব্যাহতি পেলেও সিবিআইয়ের হাতে গ্রেপ্তার হয়েছেন। এই মুহূর্তে তিনি অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি। আদালত নিয়মিত তাঁর মেডিক্যাল রিপোর্ট চেয়েছে। গত সোমবার এই মামলায় চার্জ গঠনের জন্য সশরীরে নয়,

তাঁকে ভারচুয়াল আদালতে পেশ করা হয়। চার্জ গঠিত হয়েছে 'কালীঘাটের কাকু'-সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে। এই তালিকায় রয়েছেন পার্থ চট্টোপাধ্যায়ের জামাই কল্যাণময় ভট্টাচার্য, কুন্তল ঘোষ, অর্পিতা মুখোপাধ্যায়, মানিক ভট্টাচার্যর স্ত্রী-পুত্ররাও। এছাড়া ২৬ টি সংস্থার বিরুদ্ধেও নিয়োগ দুর্নীতি মামলায় জড়িত থাকার অভিযোগে চার্জ গঠন হয়। তার মধ্যে আদালতের বিশেষ নজরে কালীঘাটের কাকু' ওরফে সুজয়কৃষ্ণ ভদ্র। এর আগেও তাঁর কণ্ঠস্বর পরীক্ষা নিয়ে একপ্রস্ত জটিলতা তৈরি হয়েছিল। এবারও সিবিআই অনুমোদন পেলেও সুজয়কৃষ্ণর অনুমতি ছাড়া তা সংগ্রহ করা যাবে না। এদিকে, পার্থ চট্টোপাধ্যায়ের জামাই কল্যাণময় ভট্টাচার্যর বিরুদ্ধে ইতিমধ্যে চার্জ গঠন হয়ে গিয়েছে। সেই যুক্তি দেখিয়ে আদালতে তিনি বিদেশ যাওয়ার অনুমতি চেয়েছিলেন। তা মঞ্জুর করেছেন বিচারক। বলা হয়েছেন, যখন দরকার হবে বিদেশ যেতে কোনও বাধা নেই কল্যাণময়বাবুর।

পন্য পরিষেবা কর বাবদ ১৩ কোটি টাকা দিয়েছে কেন্দ্র

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ পন্য পরিষেবা কর বাবদ রাজ্যের অংশ হিসাবে যা বকেয়া রয়েছে কেন্দ্রীয় সরকার তার মধ্যে তেরো হাজার কোটি টাকার বেশি রাজ্য সরকারকে মিটিয়ে দিয়েছে। এই দফায় রাজ্যকে তেরো হাজার ১৭ কোটি টাকা দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই অর্থ রাজ্যের পরিকাঠামোর উন্নয়নে খরচ করা হবে বলে অর্থ দপ্তর সূত্রে খবর। এই পর্বে রাজ্যগুলির জন্যে মোট এক লক্ষ ৭০ হাজার ৩০ কোটি টাকা দেওয়া হয়েছে।

দুটি রবিবার মেট্রো পরিষেবা বন্ধ থাকবে

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ সল্টলেক সেক্টর ফাইভ ও হাওড়া ময়দান করিডরে প্রযুক্তিগত কিছু কাজ সহ আরও বেশ কিছু কাজের কারণে মেট্রোর হাওড়া ময়দান-এসপ্ল্যানেড রুটে আগামী দুটি রবিবার ট্রেন পরিষেবা বন্ধ থাকবে। আগামী ১২ ও ১৯ তারিখ এই করিডরে কোন ট্রেন চলবে না বলে আজ মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে বলে জানতে পারা গিয়েছে।

পুলিশ স্তরে বেশকিছু রদবদল

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ রাজ্য সরকার পুলিশ স্তরে বেশকিছু রদবদল করেছে। বীরভূমের পুলিশ সুপার রাজ নারায়ন মুখার্জিকে সরিয়ে দেওয়া হয়েছে। তার জায়গায় পূর্ব বর্ধমানের পুলিশ সুপার আমনদীপ কে বীরভূমের পুলিশ সুপারের নতুন দায়িত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে পূর্ব বর্ধমানের নতুন পুলিশ সুপার হচ্ছেন আইপিএস সায়ক দাস।

বিশ্বের শক্তিশালী পাসপোর্টের তালিকায় পিছিয়ে গিয়েছে ভারতবর্ষ

নয়াদিল্লি, ১০ জানুয়ারি ঃ বিশ্বের শক্তিশালী পাসপোর্টের তালিকায় পিছিয়ে গিয়েছে ভারতবর্ষ। গত বছরের তুলনায় পাঁচ ধাপ পিছিয়ে গিয়েছে ভারতীয় পাসপোর্ট বলে জানতে পারা গিয়েছে। সদ্য প্রকাশিত হেনলি পাসপোর্ট ইন্ডেক্স অনুযায়ী দেখা গয়েছে, ৮৫ নম্বরে রয়েছে ভারত। সবমিলিয়ে ৫৭টি দেশে বিনা ভিসায় যেতে পারবেন ভারতীয় পাসপোর্টধারীরা। সম্প্রতি নতুন করে পাসপোর্টের ক্রমতালিকা প্রকাশ করেছে হেনলি পাসপোর্ট ইন্ডেক্স। বিশ্বের ক'টি দেশে নির্দিষ্ট একটি রাষ্ট্রের পাসপোর্ট ব্যবহার করে প্রবেশাধিকার পাওয়া যায়, তার ভিত্তিতেই হেনলি পাসপোর্ট ইন্ডেক্স তৈরি হয়। ভিসা নীতিতে পরিবর্তন হলেই আপডেট করা হয় এই ইন্ডেক্স। সেই ভিত্তিতেই নতুন তালিকা প্রকাশ করা হয়েছে। গত ১৯ বছর ধরে ২২৭টি দেশ ও অঞ্চলে বিচার করে এই তালিকা প্রকাশ করা হয়। নয়া তালিকায় দেখা যাচ্ছে, গতবারের মতো এবারও শীর্ষে সিঙ্গাপুরই। ২২৭ টি দেশের মধ্যে ১৯৫টিতেই বিনা ভিসায় যেতে পারেন সিঙ্গাপুরের পাসপোর্টধারীরা। দ্বিতীয় স্থানে রয়েছে জাপান। যুগ্মভাবে

তৃতীয় স্থানে রয়েছে মোট ছটি দেশ-ফ্রান্স, জার্মানি, ইটালি, স্পেন, ফিনল্যান্ড এবং দক্ষিণ কোরিয়া। এই দেশগুলির পাসপোর্টধারীরা ভিসা ছাড়া যেতে পারেন ১৯২টি দেশে। তবে শক্তিশালী পাসপোর্টের তালিকায় প্রথম পাঁচে নেই আমেরিকা। নবম স্থানে রয়েছে ডোনাল্ড ট্রাম্পের দেশ। প্রথম আরব দেশ হিসাবে এই তালিকার প্রথম দশে উঠে এসেছে সংযুক্ত আরব আমিরশাহি। তবে গতবারের তুলনায় বড়সড় পতন হয়েছে ভারতীয় পাসপোর্টের। এই তালিকাতেই এবার ৮৫ নম্বরে রয়েছে ভারত। আগে ভারত ছিল ৮০ নম্বরে। তার আগের বার ছিল ৮৭ নম্বরে। পাকিস্তান তালিকায় রয়েছে ১০৩ নম্বরে। তারও তিন ধাপ নিচে রয়েছে আফগানিস্তান।

তৃণমূল থেকে সাসপেন্ড শান্তনু সেন, আরাবুল ইসলাম

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ তৃণমূল থেকে সাসপেন্ড করা হল চিকিৎসক নেতা শান্তনু সেন। দ্বিতীয়বারের জন্য সাসপেন্ডেড 'তাজা নেতা' আরাবুল ইসলাম। দলের তরফে শুক্রবার এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে খবর। জানা যাচ্ছে, শৃঙ্খলাভঙ্গের অভিযোগেই দুজনের বিরুদ্ধে এত কড়া পদক্ষেপ করা হল। শুক্রবার বিকেলে আচমকাই দলের দুই পুরনো নেতার সাসপেনশনের খবর প্রকাশ্যে আসে। জানা যায়, দলবিরোধী কাজের অভিযোগে ভাঙড়ের আরাবুল ইসলাম এবং চিকিসক নেতা শান্তনু সেনকে সাসপেনশনের পথে হেঁটেছে শাসকদল। এর আগেও আরাবুলকে দল সাসপেন্ড করেছিল ৬ বছরের জন্য। পরে তা প্রত্যাহার করে দলে ফিরিয়ে নেওয়া হয়। গত পঞ্চায়েত ভোটে আরাবুল জয়ী হয়ে পঞ্চায়েত সমিতির সদস্যও হন। তবে সম্প্রতি তাঁর সঙ্গে ক্যানিং পশ্চিমের তৃণমূল বিধায়ক শওকত মোল্লার চাপা দ্বন্দ্ব চলছিল। তা মাঝেমাঝে প্রকাশ্যেও আসে। এই বিষয়টিকে দল মোটেও ভালো চোখে দেখেনি। আগেও বারবার দলনেত্রী সতর্ক করেছিলেন, দলে কোনওরকম দ্বন্দ্ব একেবারেই মেনে নেওয়া হবে না। সকলকে একজোট হয়ে কাজ করতে হবে। তা সত্ত্বেও আরাবুল-শওকত দ্বন্দ্ব এড়ায়নি। এরপরই আরাবুলকে সাসপেনশনের পথে হাঁটল শাসকদল। অন্যদিকে, দলের রাজ্যসভার প্রাক্তন সাংসদ তথা প্রাক্তন মুখপাত্র ডাঃ শান্তনু সেনকে নিয়েও দলের অস্বস্তি ক্রমশ বাড়ছিল। আর জি কর কাণ্ডের সময়ে তাঁর ভূমিকাকে ভালো চোখে দেখেনি তৃণমূল। এতদিন যে হাসপাতালের সঙ্গে তিনি যুক্ত ছিলেন, সেই আর জি করের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যানের পদ থেকে সরিয়ে দেওয়া হয়। এরপর দলের মুখপাত্র হিসেবেও বাদ পড়েন শান্তনু সেন। আর এবার শান্তনু সেনকে সাসপেন্ড করল দল। দলের এই সিদ্ধান্ত জানার পরই কার্যত ক্ষোভ উগরে দেন শান্তনু সেন। অভিযোগ, দলকে ভুল বোঝানো হয়েছে তাঁকে নিয়ে। আর জি কর কাণ্ডের পর সন্দীপ-বিরোধিতা করেছিলেন তিনি। চব্বিশের লোকসভা ভোটের পর দলের বৈঠক ডেকে তৃণমূল নেত্রী সতর্ক করে দিয়েছিলেন, দলের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতেই হবে। কারও বিরুদ্ধে নিয়মভঙ্গের অভিযোগ উঠলে শোকজ করা হবে। তিনবার শোকজ চিঠির ঠিকঠাক উত্তর না পেলে ওই ব্যক্তিকে বহিষ্কারের পথে হাঁটবে দল। সে তিনি দলের যত বড় ব্যক্তিত্বই হোন না কেন, একইরকম শাস্তি পেতে হবে।

মহিলাদের আসন সংরক্ষণ বিরোধিতার আর্জি খারিজ

নয়াদিল্লি, ১০ জানুয়ারি ঃ মহিলাদের জন্য আসন সংরক্ষণ আইন (নারী শক্তি বঃদন অধিনিয়ম)-এর বিরোধিতা করে দায়ের হয়েছিল আবেদন। শুক্রবার সুপ্রিম কোর্ট সেই আর্জি খারিজ করে দিল। বিচারপতি বেলা ত্রিবেদী এবং বিচারপতি পিবি বরালের বেঞ্চ জানিয়েছে, ইতিমধ্যেই ১২৮তম সংবিধান সংশোধনীর মাধ্যমে আইন প্রণয়ন হয়ে গিয়েছে। এ ক্ষেত্রে বিচারবিভাগের কিছু করণীয় নেই। ' ফেডারেশন অফ ইন্ডিয়ান উইমেন' (এনএফআইডব্লিউ)-এর তরফে জয়া ঠাকুর সংবিধানের ৩২ অনুচ্ছেদ অনুযায়ী হস্তক্ষেপের যে আবেদন জানিয়েছিলেন, তা এ ক্ষেত্রে প্রযোজ্য নয় বলে দাবি করেছেন তিনি। লোকসভা এবং বিভিন্ন রাজ্যের বিধানসভায় এক তৃতীয়াংশ আসন মহিলাদের জন্য সংরক্ষণের উদ্দেশ্যে ২০১৩ সালে সংসদে বিল পাশ করিয়েছিল নরেন্দ্র মোদী সরকার। যার পোশাকি নাম, ' শক্তি বন্দন অধিনিয়ম'। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুনরাম মেঘওয়াল ১২৮তম সংবিধান সংশোধনী বিল হিসাবে তা লোকসভায় পেশ করেন। বিলটি সমর্থন করেছিলেন ৪৫৪ জন সাংসদ। বিলে সংশোধন চেয়ে বিরুদ্ধে ভোট দিয়েছিলেন মাত্র দু'জন। রাজ্যসভাতেও বিপুল সংখ্যাধিক্যে পাশ হয়েছিল ওই বিল।

দুলাল খুনের চক্রান্ত এক বছর আগের থেকেই

দুলাল খুনের চক্রান্ত এক বছর আগের থেকেই দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারি ঃ পুলিশ চেষ্টা করলে পারে না তা হয় না। দুলাল সরকার খুনের কয়েক দিনের মধ্যেই পুলিশের হাতে ধরা প।ছে প্রায় সকলেই। একটা তথ্য পুলিশের সামনে এসেছে, তাহলো অন্তত এক বছর আগের থেকেই দুলালকে সরাতে চাইছিল তৃণমূলের বেশ কিছু নেতা। তার মধ্যে অন্যতম নরেন্দ্রনাথ তিওয়ারি। অবশ্য তিওয়ারি জানাচ্ছে, অনেক বড়ো নেতা এই খুনের পিছনে আছে। আসলে খুনের পরেই পুলিশ সোর্স মারফ খবর নিতে শুরু করে। সেই সঙ্গে শুরু হয় সিসি ক্যামেরার ফুটেজ দেখার কাজ। তার মধ্যেই একের পর এক খবর আসতে শুরু করে পুলিশের কাছে। এসবের মধ্যেই পুলিশের জালে ধরা পড়ে একের পর এক সুপারি কিলার। আর সেখান থেকেই বড় তথ্য পায় পুলিশ। বড় চক্রী নরেন্দ্রনাথ তিওয়ারি। সকলের কল লিস্ট দেখে পুলিশ বুঝতে পারে গত এক বছর ধরে দুলাল সরকারকে খুনের পরিকল্পনা করা হচ্ছিল। পুলিশ জানিয়েছে ৫০ লাখ টাকার সুপারি দেওয়া হয়েছিল। এরপর ভাড়াটে খুনিদের মাধ্যমে অপারেশন সফল করার ছক কষা হয়েছিল। পথের কাঁটা দূর করার ছক! কিন্তু কেন? এখানেই উঠে এসেছে নানা কথা। বলা হচ্ছে ওই অঞ্চল এখন টাকার খানি। ক্ষমতা যার হাতে টাকাও তার হাতে। তৃণমূলের স্বপন ও নন্দু ছিল সামনে। নরেন্দ্র পিছনে। একসময় বাবলা সরকার ঘনিষ্ঠ ছিল এমন দুজনকেও টিমে নেওয়া হয়। এদিকে নন্দুর কললিস্ট ঘেঁটে পুলিশ জানতে পারে খুনের ঘটনার পরে এক সুপারি কিলার ফোন করেছিল নন্দুকে। কারণ যার কাছ থেকে টাকা নিয়েছে তাকে তো জানাতেই হবে অপারেশন সফল। আর সেই ফোনই কার্যত কাল হল নরেন্দ্রনাথ তিওয়ারির কাছে।

ক্যালিফোর্নিয়া যেন শ্মশান, পুড়ে খাক গোটা শহর, মিলছে না জল!

১০ জানুয়ারি ঃ ক্যালিফোর্নিয়ায় বেড়ে চলেছে মৃত্যুমিছিল। আগুনের গ্রাসে অন্তত ১০ হাজার বাড়ি। পরিস্থিতি এতটাই ভয়াবহ যে, আগুন নেভানোর জন্য প্রয়োজনীয় জলটুকুও মিলছে না। সবমিলিয়ে, বিধ্বংসী আগুনে কার্যত শ্মশানে পরিণত হয়েছে ক্যালিফোর্নিয়া। আগুনে জ্বলতে থাকা ক্যালিফোর্নিয়ার ছবি দেখে আমজনতার মত, গোটা শহরের উপর কেউ যেন বোমা ফেলেছে।গত মঙ্গলবার সান্টা মনিকা ও মালিবুর মধ্যবর্তী অন্তত ১২৬২ একর জমি দাবানলে জ্বলতে শুরু করে। শুকনো আবহাওয়ায় প্রবল হাওয়ায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। টানা তিনদিন ধরে জ্বলছে ক্যালিফোর্নিয়া। মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭। যদিও অসমর্থিত সূত্রের দাবি, মৃতের সংখ্যা আরও অনেক বেশি। স্থানীয় প্রশাসন সূত্রে খবর, পু।ে গিয়েছে অন্তত ১০ হাজার বাড়ি। আমজনতার পাশাপাশি গৃহহীন হলিউড তারকারাও। ১ লক্ষেরও বেশি মানুষকে উদ্ধার করা হয়েছে ক্যালিফোর্নিয়ার নানা এলাকা

থেকে। জরুরি অবস্থা জারি করে চলছে আগুন নেভানোর চেষ্টা। এহেন পরিস্থিতিতে প্রকাশ্যে এসেছে একাধিক স্যাটেলাইট ছবি। কোনওটায় দেখা যাচ্ছে, গোটা শহরের প্রত্যেকটি বাড়ি পুড়ে ছারখার হয়ে গিয়েছে। কোথাও বা দাউদাউ করে জ্বলছে বাড়ি-সহ অন্যান্য জায়গাগুলি। আগুন নেভাতে গিয়ে বিপদে পড়ছেন দমকলকর্মীরাও। পর্যাপ্ত পরিমাণে জল মিলছে না। যে গতিতে আগুন ছড়াচ্ছে, তার সঙ্গে মোকাবিলা করতে যত জলের দরকার, সেটার যোগান পাচ্ছেন না দমকলকর্মীরা। ফলে আগুন নিয়ন্ত্রণ অসম্ভব হয়ে পড়ছে। জানা গিয়েছে, লস অ্যাঞ্জেলসের পাহাড়ি অঞ্চল থেকে আগুন ছড়াচ্ছে শহুরে এলাকাতে। আহতের সংখ্যাও বাড়ছে পাল্লা দিয়ে। জখম বহু দমকলকর্মী ও উদ্ধারকারী। লস অ্যাঞ্জেলসের ইতিহাসে এটাই সবচেয়ে ভয়ংকর দাবানল। আল জাজিরা সূত্রে খবর, সান্টা মনিকা ও মালিবু ছাড়াও আরও চার জায়গায় পৃথকভাবে দাবানলের সৃষ্টি হয়েছে। ফলে পরিস্থিতি আরও ভয়াবহ আকার নিচ্ছে। যেহেতু দীর্ঘদিন ধরে বৃষ্টি হয়নি, তাই দাবানল আরও তীব্র আকার নিচ্ছে বলে মত প্রশাসনের।

হাসিনার মতোই কি পরিণতি হবে ইউনুসের?

ঢাকা,১০ জানুয়ারি ঃ আবার একবার সরকারের বিরুদ্ধে আওয়াজ তুলছেন বাংলাদেশের নাগরিকরা। মশাল-লাঠি হাতে মহম্মদ ইউনুসের অন্তর্বর্তী সরকারে বিরুদ্ধে পথে শেখ হাসিনার মতোই কি পরিণতি হবে ইউনুসের। আবার এক গণ অভ্যুত্থান দেখবে কি বাংলাদেশ, এই নিয়ে প্রশ্ন উঠছে। হাসিনার আমল থেকেই মূল্যবৃদ্ধিতে জেরবার গোটা

নেমেছে। সরকার বদলালেও বাংলাদেশে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আকাশছোঁয়া। তার উপর চাপানো হয়েছে অত্যাধিক করের বোঝা। তাই প্রধান উপদেষ্টা ইউনুসের বিরুদ্ধে এই প্রতিবাদ। সময় বেঁধে দিয়ে সরকার ফেলে দেওয়ারও হুঁশিয়ারি দেওয়া হয়েছে। ফলে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে, বাংলাদেশ। নিত্যপ্রয়োজনীয় জিনিস কিনতে হাত পুড়ছে সাধারণ মানুষের। এখন বাংলাদেশের যা টালমাটাল পরিস্থিতি তাতে রীতিমতো অরাজকতা দেখা যাচ্ছে বাজারে। আড়তদার থেকে ছোট ব্যবসায়ী, সকলেই নিজেদের ইচ্ছে মতো দাম হাঁকাচ্ছে বলে অভিযোগ। এই সবের মধ্যেই নতুন নিয়ম জারি করেছে ইউনুস সরকার। সেই অনুযায়ী, রেস্তরাঁয় বিলের উপর ১৫ শতাংশ কর চাপানো হয়েছে। আগে এই কর ছিল ৫ শতাংশ।

জানা গিয়েছে, ড্রাইভিং লাইসেন্স, বিস্কুট, আচার, ম্যাট্রেস, টিস্যু পেপারেও ১৫ শতাংশ কর বসানো হয়েছে। পাশাপাশি রান্নার গ্যাসের দাম প্রায় আড়াই গুণ বাড়ানোর প্রস্তাব দিয়েছে ইউনুস সরকার। এই ঘোষণার পরই ক্ষোভে ফেটে পড়েন আমজনতা। সরকারের বিরুদ্ধে পথে নেমেছেন তাঁরা। ৪৮ ঘণ্টার সময় বেঁধে দিয়ে পদক্ষেপ করার হুঁশিয়ারি দেওয়া হয়েছে। এর মধ্যে দাম কমানো নিয়ে কোনও ব্যবস্থা করা না হলে সরকার ফেলে দেওয়া বলেও হুঁশিয়ারি জনতার। ফলে ঘরে-বাইরে আরও চাপে পড়েছেন ইউনুস। হিন্দু নির্যাতন নিয়ে ভারত-সহ অন্যান্য দেশ চাপ বাড়িয়ে যাচ্ছে। ভোট নিয়ে চাপ বাড়াচ্ছে বিএনপির মতো একাধিক রাজনৈতিক দল। অস্বস্তি রয়েছে হাসিনাকে নিয়েও। এখন পথে নেমেছেন সাধারণ মানুষ। এবার কী করবে ইউনুস সরকার, সেই দিকে তাকিয়ে রয়েছে গোটা বিশ্ব।

কপিলমুনির দর্শনের পাশাপাশি তারাপীঠের মাতারা দর্শন এবারে একসাথে গঙ্গাসাগরে

দুরন্ত বার্তা, গঙ্গাসাগর, ১০ জানুয়ারিঃ এবারে গঙ্গাসাগরে গিয়ে কপিলমুনি দর্শনের পাশাপাশি তারাপীঠের কালী মায়ের দর্শন মিলতে পারে পুণ্যার্থীদের। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে গঙ্গাসাগর মেলা ২০২৫ এর শুভ উদ্বোধন হয়ে গিয়েছে। ইতিমধ্যেই দেশের বিভিন্ন প্রান্ত থেকে সাধু সন্ত থেকে শুরু করে পূণ্যার্থীরা ভিড় জমাতে শুরু করেছে গঙ্গা সাগর মেলা প্রাঙ্গনে। মকর সংক্রান্তির পূর্ণলগ্নে পুণ্য স্নান এবং কপিল মুনির মন্দিরে পুজো দেওয়ার রীতিনীতি রয়েছে বহু যুগ ধরে। সেই মোক্ষলাভের আশায় প্রতি বছর দেশের বিভিন্ন প্রান্ত থেকে বহু পুণ্যার্থীরা ভিড় জমায় গঙ্গা সাগরে।

মকর সংক্রান্তির পূর্ণ লগ্নে গঙ্গাসাগর হয়ে ওঠে যেন মিনি ভারতবর্ষ। গঙ্গাসাগরের কপিলমুনি মন্দির প্রাঙ্গণে এলে এ বছর পুণ্যার্থীদের আশীর্বাদ এবং দর্শন দেওয়ার জন্য অপেক্ষায় রয়েছে তারাপীঠের মা কালী। তবে সত্যি কারের তারাপীঠ মন্দির গঙ্গাসাগরে উঠে আসেনি, গঙ্গা সাগর মন্দির প্রাঙ্গণে তারাপীঠের মা কালী রূপে পুণ্যার্থীদের দর্শন দিচ্ছে নবদ্বীপের স্বরূপগঞ্জ ঘাটের বাসিন্দা শান্তি গোস্বামী। তিনি এ বছর তারাপীঠের মা কালীর বহুরূপী সাজে সেজে পুণ্যার্থীদের আশীর্বাদ দিচ্ছেন। গঙ্গাসাগরে এসে তারাপীঠের মা কালীর দর্শন পেয়ে খুশি পুণ্যার্থীরা। স্বরূপগঞ্জ ঘাটের বাসিন্দা শান্তি গোস্বামীকে ঘিরে রয়েছে পুণ্যার্থীরা, ছবি তোলার হিড়িক পড়ে গিয়েছে পুণ্যার্থীদের। পুণ্যার্থীদের প্রণামীতে চলছে রুজি রুটি। এ বিষয়ে বহুরূপী শান্তি গোস্বামী বলেন, আমি এলাকায় ছোট্ট একটি আশ্রম চালাই আর সেই আশ্রম চালানোর জন্য এই বহুরূপীর সাজ। বিভিন্ন মেলায় বহুরূপী সেজে যে যৎসামান্য প্রণামী পাই সেই প্রণামিতেই চলে আমাদের আশ্রম। আশ্রম চালানোর খরচ জোগাতে তারাপীঠের মাতারা রূপে সেজে গঙ্গাসাগরের কপিলমুনির পাদদেশে হাজির হয়েছি। গঙ্গাসাগর মেলার সময় পুণ্যার্থীদের প্রণামী উপার্জনেই চলবে আমার পরিবার। এ বিষয়ে গঙ্গাসাগরে আশা এক পুণ্যার্থী বলেন, গঙ্গাসাগরে এসে কপিলমুনি দর্শনের পাশাপাশি তারাপীঠের মা কালীকে দর্শন পাবো এভাবে কোনোদিন ভাবিনি। আমাদের খুবই ভালো লাগছে। ওনার এই উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই।

জমে উঠেছে চারদিন ব্যাপী হাওড়া ফুলমেলা, রাজ্যের মধ্যে এটি সেরা দাবি উদ্যোক্তাদের

সুমন আদক, হাওড়া, ১০ জানুয়ারিঃ হাওড়া পুরসভার প্রাক্তন মেয়র পারিষদ শ্যামল মিত্রের উদ্যোগে মধ্য হাওড়ার বিজয়ানন্দ পার্কে চারদিন ব্যাপী ফুলমেলার আয়োজন করা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় এর শুভ সূচনা করেন রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরের মন্ত্রী অরূপ রায়। ওই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হাওড়া জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি ও বিধায়ক কল্যাণ ঘোষ, প্রাক্তন মেয়র পারিষদ ভাস্কর ভট্টাচার্য, দিব্যেন্দু মুখার্জি, হাওড়ার উপ মুখ্য পুর প্রশাসক দেবাংশু দাস, জেলা পরিষদের সহ সভাধিপতি অজয় ভট্টাচার্য, মোহনবাগান ক্লাবের সহ সভাপতি অসিত চ্যাটার্জি, অধ্যাপক ড. সুমন ব্যানার্জি সহ অন্যান্যরা। হরেক রকমের গোলাপ, ক্যাকটাস, অর্কিড, বনসাই সহ বিভিন্ন প্রজাতির সবজিও প্রদর্শিত হচ্ছে এবারের এই ফুলমেলায়। রয়েছে অনেক বিরল প্রজাতির ফুলও। চারদিনের এই ফুলমেলায় প্রতিদিন সন্ধ্যায় থাকছে নানা সাংস্কৃতিক অনুষ্ঠানও।

এছাড়াও স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের তৈরি হস্তশিল্পের বিভিন্ন সামগ্রী এবং খাবারের স্টলও রয়েছে ফুলমেলায়। রবিবার পর্যন্ত চলবে মেলা। মেলার প্রধান উদ্যোক্তা শ্যামল মিত্র বলেন, ৭ম বর্ষের এই ফুলমেলায় প্রতিবছর আলাদা আকর্ষণ থাকে। এবারের আকর্ষণ ক্যাকটাস। লক্ষাধিক টাকাতেও তা বিক্রি করতে চাননি সেই ক্যাকটাসের মালিক। পশ্চিমবঙ্গের

বিভিন্ন জায়গায় ফুলমেলা হয়। কিন্তু এই ফুলমেলা তাদের মধ্যে সেরা। এখান থেকে ফুল কেনা যাবে। নার্সারির ১০০ জন সহ মোট ৫০০ জন প্রতিযোগী মেলায় অংশগ্রহণ করেছেন। এখানে ক্যাকটাস, ডালিয়া, গোলাপ, বাহারি গাছ, বনসাই, সবজি প্রভৃতি বিভিন্ন ধরনের গাছ আছে। আমি মেয়র পারিষদ থাকাকালীন ১ বিঘা জমির উপর একটি হর্টিকালচার তৈরির প্রস্তাব দিয়েছিলাম হাওড়া পুরনিগমকে। সেটি হলে অনেকেই উপকৃত হবেন।

আসছে না অর্থ, হুগলির আরামবাগে সরকারি স্কুলে শিকেয় উঠেছে পঠনপাঠন

বনস্পতি দে, আরামবাগ হুগলি, ১০ জানুয়ারিঃ আসছে না অর্থ। সরকারি স্কুলে শিকেয় উঠেছে পঠনপাঠন। পড়াশোনাই একেবারে বন্ধ হয়ে যাওয়ার মুখে। স্কুলে সরকারি অনুদান না মেলায় কেমিস্ট্রি বায়োলজি ও ভূগোলের ল্যাবটারি চালু করা যায়নি।

আগ্রহ থাকলেও বিজ্ঞান নিয়ে পড়তে পারছে না এলাকার ছাত্রছাত্রীরা। বাধ্য হয়েই দশ বারো কিলোমিটার দূরের স্কুলে বিজ্ঞান নিয়ে পড়তে যেতে হচ্ছে। এই ছবিই দেখা যাচ্ছে আরামবাগে। চিন্তায় পড়ুয়া থেকে অভিভাবকেরা। একাধিক স্কুলে শিক্ষকের অভাব। শিক্ষকের অভাবেই ধুঁকছে বিজ্ঞান বিভাগ। গোঘাটের পশ্চিমপাড়া হাইস্কুল, পাবা হাইস্কুল-সহ একাধিক স্কুলে একই সমস্যা। বিজ্ঞান বিভাগ চালু করা যায়নি ল্যাবরেটরির অভাবে। অন্যদিকে রতনপুর হাই স্কুলে অস্থায়ী শিক্ষক দিয়ে চলছে একাদশ-দ্বাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগ। চূড়ান্ত অচলাবস্থা প্রায় প্রতিটা স্কুলেই। এক প্রকার বাধ্য হয়েই কলা বিভাগে ভর্তি হচ্ছেন পড়ুয়ারা।

নকুণ্ডা কাত্তায়নি হাইস্কুলে তো আবার উদ্বেগ আরও বেশি। এখানে ২০১২ সালে ভূগোলের ল্যাবরেটরি তৈরির সিদ্ধান্ত হলেও গ্রান্ট এখনও মেলেনি বলেই জানা যাচ্ছে।

এলাকার অভিভাবকরা ক্ষোভ উগরে দিচ্ছেন শিক্ষকদের উপর। এলাকার বাসিন্দা বলছেন, ‘‘৫-১০ বছর ছেলেমেয়ারা স্কুলে যাচ্ছে। আজও বাপের নামটাও লিখতে পারে না। নিজেদের নামটাও বলতে জানে না। শিক্ষকরা তো কিছুই করেনি। দিদিমণিদের কিছু জিজ্ঞেস করলে বলে আমি জানলে তবে তো বলব! কিন্তু, পরিস্থিতির বদল কবে? কবে আবার উদ্বেগের মেঘ কাটিয়ে হাসিমুখে স্কুলে যেতে পারবে পড়ুয়ারা? তবে সমস্যা যে গুরুতর তা মানছেন শিক্ষকদের বড় অংশেও। সকলেই তাকিয়ে সরকারের দিকে।

আদিবাসীদের সাকরাত উৎসব উপলক্ষে বস্ত্রদান

বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি, ১০ জানুয়ারিঃ ধর্ম যার যার উৎসব সবার মাননীয়া মুখ্যমন্ত্রীর এই আত্মবাক্যকে পাথেয় করে মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এবং রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্নার উদ্যোগে প্রতিবছরের মতো এবারও মকর সংক্রান্তিতে আদিবাসীদের সাকরাত উৎসব উপলক্ষে নতুন বস্ত্র উপহার কর্মসূচি অনুষ্ঠিত হলো। এই উপলক্ষে আজ হরিপাল ব্লকের মালিয়া বিশ্বনাথ সেবা সমিতিতে প্রায় ছয় হাজারেরও অধিক আদিবাসী শবর খেড়িয়া সম্প্রদায়ের মানুষের হাতে নতুন বস্ত্র উপহার তুলে দিলেন মন্ত্রী বেচারাম মান্না। ওই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ। বস্ত্র তুলে দিয়ে মন্ত্রী বেচারাম মান্না বলেন দিদি(মুখ্যমন্ত্রী) আমাদের শিখিয়েছে মানুষের পাশে থাকতে আমরা তাই মানুষের সুখে দুখে থেকে তাদের আনন্দের দিনগুলিতে আরো আনন্দময় করে তুলতে প্রতিবছর এলাকার হিন্দুদের দুর্গোৎসবে, হিন্দিভাষি ভাইদের ছট পূজায়, মুসলমানদের পবিত্র ঈদ উৎসবে,এবং মকর সংক্রান্তিতে সাকরাত উৎসবে আদিবাসী ভাইবোনদের হাতে

আমরা নতুন বস্ত্র তুলে দিই। আজকে আদিবাসী সম্প্রদায়ের মানুষের হাতে বস্ত্র তুলে দেয়ার পাশাপাশি এলাকার ৭৫ জন মাঝিদেরও সম্মান জানাতে পেরে অত্যন্ত আনন্দিত। এই অনুষ্ঠানে আদিবাসী সম্প্রদায়ের শিক্ষক অরুণ মান্ডি জানান মন্ত্রী বেচারাম মান্নার এই উদ্যোগ অত্যন্ত তাৎপর্যপূর্ণ কারণ তারই উদ্যোগে প্রতিবছর এখানে বস্ত্র উপহার কর্মসূচি পালিত হয়ে আসছে। যা রাজ্যের অন্য কোন জায়গায় এই কর্মসূচি পালিত হয় না এটা আমাদের কাছে অত্যন্ত গর্বের।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে লেজার ভিত্তিক হুইল প্রোফাইল পরিমাপক পদ্ধতি চালু

মালিগাঁও, ১০ জানুয়ারিঃ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে লেজার ভিত্তিক হুইল প্রোফাইল পরিমাপক পদ্ধতি চালু করা হয়েছে। দুই ধরনের পরিমাপক পদ্ধতি রয়েছে, একটি ক্যালিপ্রি সি৪২ এবং ক্যালিপ্রি প্রাইম। এই পদ্ধতিটি হলো নন-কনট্যাক্ট হুইল প্রোফাইল পরিমাপক সেন্সর, যা বহনযোগ্য, হালকা ওজনের এবং পরিচালনা করতে সহজ।

এই পরিমাপক উপকরণগুলি অপারেটরের প্রভাব থেকে স্বাধীনভাবে সঠিক ও পুনরুৎপাদনযোগ্য ফলাফল প্রদানের মাধ্যমে রেলওয়ের নির্দিষ্ট চাহিদা পূরণ করে। এই বিশেষজ্ঞ প্রোফাইল পরিমাপক ডিভাইসগুলি হুইল ওয়্যার পরিদর্শন, ব্রেক ডিস্ক পরিমাপ, হুইল ব্যাক-টু-ব্যাক এবং ডায়ামিটার পরিমাপ ও রেল ওয়্যার

পরিদর্শনের জন্য ব্যাপকভাবে ব্যবহৃত হয়। ক্যালিপ্রি সি৪২ হলো একটি মাল্টি ফাংশনাল ডিভাইস, যা হুইল প্রোফাইল, ব্রেক ডিস্কের প্রস্থ, হুইল ডায়ামিটার, টায়ার থিকনেস এবং হুইল ক্লিয়ারেন্স পরিমাপের মতো পরিমাপ করতে পারে। ক্যালিপ্রি প্রাইমে বিশেষভাবে হুইল প্রোফাইল পরিমাপ করার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। চাকার মাত্রা পরিমাপ করার জন্য এর মধ্যে সেন্সর এবং ক্যালিব্রেশন ইকুইপমেন্ট থাকে, যা সেন্সর ডিসপ্লেতে প্রদর্শিত হয় এবং পূর্ব নির্ধারিত সীমা মানের সাথে তুলনা করা যায়। ট্রেনের চাকার সেটগুলি সাধারণ ওয়্যার পার্টস এবং যাত্রীদের স্বাচ্ছন্দ্য ও সুরক্ষার পাশাপাশি শব্দ ও যাত্রার উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলে। চাকা, ব্রেক ডিস্ক, রেল ও সুইচের প্রোফাইলগুলি তাই চাহিদাপূর্ণ পরিচালন স্থিতিতে পুনরাবৃত্তিমূলক পরিমাপ কার্যকলাপের দ্বারা নিয়ন্ত্রণ করা হয়। সমগ্র হুইল-রেল সিস্টেমের জন্য বৈধ পরিমাপ তথ্যের কার্যকর উৎপাদনে প্রত্যাহ্বান নিহিত হয়ে আছে। দক্ষ হুইল সেট প্রোফাইল পরিমাপ সময়মতো রক্ষণাবেক্ষণের কাজ চালাতে সুবিধা প্রদান করে এবং ট্রেনের পরিচালন সময় কম করার ক্ষেত্রে সাহায্য করে, পাশাপাশি ট্রেন যাত্রীদের জন্য মসৃণ ও সুরক্ষিত ভ্রমণ নিশ্চিত করে।

মা চণ্ডীর মন্দিরে দুঃসাহসিক চুরি

দুরন্ত বার্তা, হাওড়া, ১০ জানুয়ারিঃ উত্তর হাওড়ার সালকিয়ায় জি টি রোডের ধারে মা চণ্ডীর মন্দিরে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটলো। বুধবার গভীর রাতে ওই ঘটনা ঘটে। জানা গেছে, জি টি রোডের ধারে ৫০০ বছরের পুরনো মা চন্ডীর মন্দিরের তালা ভেঙে চুরি যায় মায়ের যাবতীয় গয়না। খবর পেয়ে ঘটনাস্থলে আসে মালিপাঁচঘড়া থানার পুলিশ। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। আশপাশের সিসিটিভি ফুটেজ পরীক্ষা করে দেখা হচ্ছে। যদিও এখনো পর্যন্ত দুষ্কৃতিদের সনাক্ত করা যায়নি।

সৌভ্রাতৃত্বের উৎসবে সকল ধর্মের মানুষ উৎসবের মেজাজে থাকেঃ চন্দ্রিমা

বিশরপাড়া, ১০ জানুয়ারিঃ বিশরপাড়া উৎসবে সব সম্প্রদায়ের মানুষ উৎসবের মেজাজে থাকে। ছোট থেকে বড় হিন্দু মুসলিম শিখ খ্রীষ্টান জৈন সহ এলাকার মানুষ স্বতঃস্ফূর্ত ভাবে সামিল হয় উৎসবে। সুন্দর ভ্রাতৃত্ববোধ সব ধর্মের মানুষের মেলবন্ধন ঘটে। শুক্রবার বিকেলে বিশরপাড়া যুব সমাজ ময়দানে পনেরো তম বিশরপাড়া উৎসবে দ্বিতীয় দিনে উপস্থিত থেকে কথা গুলি বলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। মন্ত্রী বলেন ২০০৯ সাল থেকে উৎসবের প্রাণপুরুষ সাধন ঘোষের চিন্তা ধারা ইচ্ছা ছিল সকল ধর্মের মানুষ ঐক্যবদ্ধ অংশগ্রহণ। চিন্তা ধারা ধরে রেখে বাস্তবায়নে এগিয়ে চলেছে উৎসব কমিটির সকলে। সবাই মিলে একসাথে চলছে বিশরপাড়া উৎসব। এলাকার ২০ টি গণসংগঠন সামিল হয়েছে উৎসবে। এদিন ছিল বসে আঁকো, আবৃত্তি এবং নৃত্য প্রতিযোগিতা। উপস্থিত ছিলেন রাজ্যের খাদ্যমন্ত্রী রথীন ঘোষ, দমকল মন্ত্রী সুজিত বোস, উৎসব কমিটির সম্পাদক তথা উত্তর দমদম পুরসভার পুর পারিষদ সদস্য দেবাশিষ ঘোষ, সভাপতি গৌতম দাস প্রমুখ। বৃহস্পতিবার বিকেলে বাকড়া মোড় থেকে ছোট ফিঙ্গা পর্যন্ত এক বর্ণময় বর্ণাঢ্য সুসজ্জিত শোভাযাত্রার উৎসবের সূচনা করেন মন্ত্রী। ছিলেন উত্তর দমদম পুরসভার পুরপ্রধান বিধান বিশ্বাস, উপপুরপ্রধান লোপামুদ্রা দত্ত চৌধুরী, ফুটবলার অ্যালভিটো ডি কুনহা, সহ প্রাক্তন ফুটবলার ও পুর প্রতিনিধি সংগঠকরা। উৎসব কমিটির সম্পাদক দেবাশিস ঘোষ জানান বিশরপাড়া উৎসব ঘিরে চারদিন ধরে এলাকাবাসীর উদ্দীপনা উন্মাদনা থাকে। বর্ণাঢ্য শোভাযাত্রা সহ থাকে সাংস্কৃতিক প্রতিযোগিতা ও সংগীতানুষ্ঠান। ১২ জানুয়ারি পর্যন্ত উৎসবে সংগীত পরিবেশন করবেন অনুপম রায়, অনন্যা চক্রবর্তী, সৌরেন্দ্র সৌমজিৎ প্রমুখ।

আগ্নেয়াস্ত্র সহ ধৃত ১

হাওড়া, ১০ জানুয়ারিঃ গোপন সূত্রে খবর পেয়ে বিশেষ অভিযান চালায় হাওড়া সিটি পুলিশ। গ্রেফতার করা হয় অভিযুক্তকে। পুলিশ সুত্রে জানা গিয়েছে, ধৃতের নাম মুকেশ কুমার মেহতা (২৮)। পুলিশ জানায়, গোপন সূত্রে খবর আসে বৃহস্পতিবার রাতে হাওড়ার এজেসি বোস বি গার্ডেন থানা এলাকার আন্দুল রোডে কয়েকজন দুষ্কৃতী জড়ো হয়ে আগ্নেয়াস্ত্রের ডিল করছে। সেই খবর পাওয়া মাত্রই হাওড়া সিটি পুলিশের গোয়েন্দা দপ্তরের টিম ঘটনাস্থলে অভিযান চালায়। সেখান থেকেই মুকেশকে হাতেনাতে ধরা হয়। ধৃতের কাছ থেকে একটি ওয়ান শর্টার এবং কার্তুজ উদ্ধার করা হয়।

সুন্দরবনের দক্ষিন রায় এক সপ্তাহ ধরে লুকোচুরি খেলছে মৈপীঠে

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলতলি,১০ জানুয়ারিঃ সুন্দরবনের দক্ষিন রায়ের জ্বালায় নাস্তানাবুদ কুলতলি মৈপীঠের মানুষ। রীতিমতো লুকোচুরি খেলছে এই দক্ষিণরায়। জঙ্গলে গিয়েও বারবার ফিরছে মৈপীঠের লোকালয়ে। আবার মিলিয়ে যাচ্ছে গভীর জঙ্গলে। শুক্রবার সকালে ফের নদীর পাড়ে মিলেছে বাঘের পায়ের ছাপ। বনকর্মীরা জানান ,ফের গভীর জঙ্গলে ফিরে গিয়েছে দক্ষিণরায়।এই ঘটনার সূত্রপাত গত সোমবার। ওইদিন থেকে কুলতলির মৈপীঠে ছড়িয়েছিল বাঘের আতঙ্কে। কারণ, রাস্তার উপর মিলেছিল দক্ষিণরায়ের টাটকা পায়ের ছাপ। স্বাভাবিকভাবেই খবর দেওয়া হয়েছিল বনদপ্তরে। বাঘের খোঁজে তল্লাশি হয়। কিন্তু ধরা দেয়নি বাঘ। বুধবার নদীর পাড়ে মেলে বাঘের পায়ের ছাপ। তা দেখে বনকর্মীরা অনুমান করেছিলেন বাঘ ফিরে গিয়েছে সুন্দরবনের গভীর জঙ্গলে। পরে বনদপ্তরের তরফে তা নিশ্চিতও করা হয়। কিন্তু রাত পোহাতে না পোহাতেই বৃহস্পতিবার মৈপীঠে আবার বাঘের আতঙ্ক জেরবার। এদিন সকালে মৈপীঠের নগেনাবাদে নদী সংলগ্ন এলাকায় মেলে বাঘের পায়ের ছাপ।খবর পেয়েই ঘটনাস্থলে চলে যান বনদপ্তরের এডিএফও অনুরাগ চৌধুরী, রায়দীঘির রেঞ্জার শুভায়ু সাহা, চিতুরি বিট অফিসার সহ অন্যান্যরা। তড়িঘড়ি জাল দিয়ে জঙ্গল ঘেরার হয়।কিন্তু শুক্রবার সকালে ফের মিললো বাঘের পায়ের ছাপ। যা দেখে বনকর্মীদের অনুমান, ফের জঙ্গলে ফিরেছে দক্ষিণরায়। তবে এই খবরে সাময়িক স্বস্তিতে এলাকার বাসিন্দারা। তবে বাঘের লুকোচুরি খেলা চিন্তামুক্ত করতে পারছে না মৈপীঠের মানুষের। তবে বারবার বাঘ লুকোচুরি করছে কেন তা ভাবাচ্ছে বনদফতরকে।

আত্মঘাতী গৃহবধূ

দুরন্ত বার্তা, হাওড়া, ১০ জানুয়ারিঃ জন্মদিনের রাতে স্বামীর সঙ্গে শ্বশুর-শাশুড়িকে নিয়ে অশান্তির জের, স্বামী অফিসে যেতেই ছাদে উঠে গায়ে আগুন দিয়ে আত্মঘাতী গৃহবধূ! হাওড়ার সাঁকরাইলে চাঞ্চল্য। পারিবারিক অশান্তির জেরে নিজের গায়ে আগুন দিয়ে আত্মঘাতী হন ওই গৃহবধূ। ঘটনার পর তাঁকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে নিয়ে যাওয়া হয় কলকাতার এসএসকেএম হাসপাতালে। সেখানেই পরে তাঁর মৃত্যু হয়। মৃতার পরিবারের অভিযোগের ভিত্তিতে পুলিশ মৃতার স্বামীকে গ্রেফতার করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত গৃহবধূর নাম পিঙ্কি বোস (৪২)। হাওড়ার সাঁকরাইল থানা এলাকার পোদরা সরকার পাড়ায় ওই ঘটনা ঘটে। পিঙ্কির স্বামী কৃষাণু বোসকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, পিঙ্কির সঙ্গে তাঁর শ্বশুর, শাশুড়ির অশান্তি ছিল। সেই কারণে তাঁরা অন্যত্র থাকতেন। কিন্তু স্বামী কৃষাণু চাইতেন তাঁর মা, বাবা তাঁর সঙ্গেই পরিবারে থাকুন। গত বুধবার পিঙ্কির জন্মদিন ছিল। যাতে শ্বশুর-শাশুড়ির সম্পর্ক ভাল হয় সেই কারণে পিঙ্কির জন্মদিনে তাঁদের বাড়িতে নিমন্ত্রণ করে ডাকেন কৃষাণু। কিন্তু এই বিষয়টি মেনে নিতে পারেননি পিঙ্কি। শ্বশুর-শাশুড়ি চলে যাওয়ার পরই বুধবার রাতে এই নিয়ে পিঙ্কি ও কৃষাণুর মধ্যে তুমুল অশান্তি হয়। বৃহস্পতিবার সকালে কৃষাণু কাজে বেরিয়ে গেলে বাড়ির ছাদে গিয়ে গায়ে আগুন দেন পিঙ্কি। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে নিয়ে যাওয়া হয় কলকাতার এসএসকেএম হাসপাতালে। বৃহস্পতিবার সেখানেই মৃত্যু হয় তাঁর। মৃতার পরিবারের অভিযোগের ভিত্তিতে স্বামী কৃষাণুকে শুক্রবার গ্রেফতার করা হয়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

আকাশবাণীর একটি এফএম রেডিও চ্যানেল শুরু করলেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ

প্রয়াগরাজ, ১০ জানুয়ারি ঃ উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ শুক্রবার মহাকুম্ভ মেলা প্রাঙ্গণে আকাশবাণীর একটি এফএম. রেডিও চ্যানেল শুরু করেন।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপমুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক, জলশক্তি মন্ত্রী স্বতন্ত্রদেব সিং, মুখ্য সচিব মনোজ কুমার সিং প্রমুখ। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল. মুরুগানও ভার্চুয়াল মাধ্যমে যোগ দেন এই অনুষ্ঠানে। প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত সেহগল মুখ্যমন্ত্রীকে স্বাগত জানান। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেন, মহাকুম্ভ কেবল একটি অনুষ্ঠান নয়, সনাতন গৌরবের এক মহান উত্সব। যাঁরা সনাতন ধর্মের গৌরব দেখতে চান, তাঁরা এসে কুম্ভ প্রত্যক্ষ করুন। এখানে ধর্মের ভেদাভেদ নেই, জাতপাত নেই, অস্পৃশ্যতা নেই, লিঙ্গের ভেদাভেদ নেই। সঙ্গমের তীরে সব সম্প্রদায়ের মানুষ একসঙ্গে স্নান করেন। মুখ্যমন্ত্রী বলেন, আমরা যখন সততার সঙ্গে সনাতন গৌরবকে এগিয়ে নিয়ে যাচ্ছি, তখন আমজনতা প্রসার ভারতীর সঙ্গে যুক্ত হচ্ছেন। তিনি বলেন, আমাদের লোকসংস্কৃতি ও ঐতিহ্যকে সাধারণ মানুষের কাছে ছড়িয়ে দেওয়ার প্রথম মাধ্যম ছিল আকাশবাণী। আকাশবাণীতে সম্প্রচারিত রামচরিতমানসের পংক্তিগুলো মানুষ মনোযোগের সঙ্গে শুনতেন।

কুয়াশার দাপটে বিঘ্নিত দিল্লিগামী ট্রেন যাত্রা, প্রভাবিত বিমান পরিষেবাও

নয়াদিল্লি, ১০ জানুয়ারি ঃ কনকনে ঠান্ডায় কাঁপছে রাজধানী দিল্লি, প্রবল শীতের মধ্যে কুয়াশার দাপট বাড়ছে। শুক্রবারও কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল জাতীয় রাজধানী দিল্লি। শুক্রবার ভোরে দিল্লিতে কমে যায় দৃশ্যমানতা। এদিন এতটাই কুয়াশা ছিল যে ট্রেন চলাচল প্রভাবিত হয়েছে। কুয়াশার কারণে এদিন সকালে দিল্লিতে আসার একাধিক ট্রেন দেরিতে চলছে বলে জানা গেছে।

এদিকে কুয়াশার কারণে দিল্লিতে উড়ান পরিষেবাও প্রভাবিত হয়েছে। জানা গেছে, একাধিক বিমান দেরিতে চলেছে। বাতিলও হয়েছে একাধিক উড়ান। এর জেরে সমস্যায় পড়েন যাত্রীরা।

প্রয়াত প্রবীণ গায়ক পি জয়চন্দ্রন

নয়াদিল্লি, ১০ জানুয়ারি ঃ প্রয়াত প্রবীণ গায়ক পি জয়চন্দ্রন। বৃহস্পতিবার রাতে একটি হাসপাতালে প্রয়াত হয়েছেন তিনি। মৃত্যু কালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।ছয় দশকেরও বেশি সময় বর্ণাঢ্য সঙ্গীতজীবনে মালয়ালম, তামিল, তেলেগু, হিন্দি এবং কন্নড়-সহ বিভিন্ন ভাষায় ১৬ হাজারেরও বেশি গান গেয়েছেন জয়চন্দ্রন। সারা দেশের শ্রোতাদের মুগ্ধ করেছেন তিনি। পেয়েছেন একাধিক পুরস্কার।

শৈত্যপ্রবাহের পরিস্থিতি উপত্যকায়

শ্রীনগর, ১০ জানুয়ারি ঃ শীতে কাবু কাশ্মীর। শুক্রবারও জবুথবু অবস্থা কাশ্মীরে। সেখানকার গুলমার্গ থেকে শ্রীনগর, পহেলগাম সর্বত্রই জমজমাট ঠান্ডা। আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে, উপত্যকার প্রায় সর্বত্রই কনকনে ঠাণ্ডা অনুভূত এদিনও। আপাতত শীত থেকে রেহাই নেই। কাশ্মীর উপত্যকার প্রায় সর্বত্রই শৈত্যপ্রবাহের মতো পরিস্থিতি বজায় থাকবে। শনি ও রবিবারের মধ্যে হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে। আগামী সোম, মঙ্গল ও বুধবার সেখানকার আবহাওয়া থাকবে শুষ্ক।

মুম্বই ম্যারাথন ২০২৫ঃ মো ফারাহ ইভেন্ট অ্যাম্বাসেডর

মুম্বই, ১০ জানুয়ারি ঃ একাধিক অলিম্পিক এবং বিশ্ব চ্যাম্পিয়ন মো ফারাহকে বৃহস্পতিবার রাতে টাটা মুম্বই ম্যারাথনের আন্তর্জাতিক ইভেন্ট অ্যাম্বাসেডর হিসাবে ঘোষণা করেছে। ১৯ জানুয়ারি মুম্বইয়ে অনুষ্ঠিত হতে চলা এই প্রতিযোগিতায় ৬০ হাজার দৌড়বিদ অংশ নেবেন। বিশ্বের সেরা ১০টি ম্যারাথনের মধ্যে র্যাঙ্ক করা, এই ইভেন্টে পুরুষদের বিভাগে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন হেইলে লেমি বেরহানু এবং শ্রীনু বুগাথা সহ বিশ্বের সেরারা উপস্থিত থাকবেন। মহিলাদের নেতৃত্ব দেবেন আবরাশ মিনসেও এবং ঠাকুর নির্মাবেন। মো ফারাহ বলেন, ‘‘আমি টাটা মুম্বই ম্যারাথনের যুগান্তকারী ২০তম সংস্করণের আন্তর্জাতিক ইভেন্ট অ্যাম্বাসেডর হতে পেরে রোমাঞ্চিত।

নাম পরিবর্তন

আমি Md Ashif Reza (পুরাতন নাম) পিতা Ansar Ali Mondal ঠিকানা Majher Para, Ghuni, P.o - Hatiara, Bidhannagar - 700157 West Bengal India কলকাতায় নোটারি পাবলিক Dated 10-01-2025 এর Affidavit no 95/2025 দ্বারা আমার নাম এখন থেকে Ashif Reja (নতুন নাম) নামে পরিচিত হলাম। Ashif Reja (নতুন নাম) ও Md Ashif Reza (পুরাতন নাম) একই ব্যক্তি।

নাম পরিবর্তন

আমি Md Ansar Ali (পুরাতন নাম) পিতা Samser Ali Mondal ঠিকানা Majher Para, Ghuni, P.o - Hatiara, Bidhannagar - 700157 West Bengal India কলকাতায় নোটারি পাবলিক Dated 10-01-2025 এর Affidavit no 94/2025 দ্বারা আমার নাম এখন থেকে Ansar Ali Mondal (নতুন নাম) নামে পরিচিত হলাম। Ansar Ali Mondal (নতুন নাম) ও Md Ansar Ali (পুরাতন নাম) একই ব্যক্তি।

Name Change

I, MOHUA SINGHA MAHAPATRA (Old Name) W/O JAYANTA KUMAR PANDA Residing at Flat No-9, Julious Group Housing Co-op society, Sector-2A, P.S.- New Township, District - Paschim Bardhaman, Pin - 713212 West Bengal, have changed my name and shall henceforth be known as MAHUA PANDA (New Name) as declared before the Notary Public govt of India vide affidavit Dated 10-01-2025. MOHUA SINGHA MAHAPATRA (Old Name) and MAHUA PANDA (New Name) both are same and one identical person.

Name Change

I, Nimai Chandra Pasari S/o Late Anuhari Pasari Residing at Vill - Sauliya, P.o - Panikotor, P.s - Garhbeta, District - West Medinipur, Pin- 721127 West Bengal India shall henceforth be known as Nimai Pasari. I declare that Nimai Chandra Pasari and Nimai Pasari is same and one identical person by virtue of an affidavit sworn before the Notary Public, Kolkata on 10-01-2025.

Name Change

I, Protiva Mitra (old name) wife of Swapan Kumar Mitra, residing at 101/2A, Kalitala Road North Purbachal, P.O-Haltu, P.S- Garfa, Kolkata-700078, West Bengal, have changed my name and shall henceforth be known as Prativa Mitra (new name) as declared before the Notary Public at Kolkata dated 09/01/2025. Protiva Mitra (old name) and Prativa Mitra (new name) both are same and one identical person.

Name Change

I,Pradeep Kumar Bhatia,son of Late Mohan Lal Bhatia, residing at Urbana Tower 1,Flat No - 2004,783 Anandapur, Madurdaha,Po - E.K.T.P,Ps - Anandapur,Kolkata - 700107,shall henceforth be known as Pradeep Bhatia vide an affidavit sworn before the notary public at Kolkata on 07/01/2025.That Pradeep Kumar Bhatia and Pradeep Bhatia both are the same and one identical person.

Name Change

I, Md Sakir (old name) son of Abdul Waheed, residing at 3/H/15, Sir Syed Ahmed Road, Entally, Pin- 700014, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Md Shakir (new name) as declared before the Notary public at Kolkata, dated 10/01/2025. Md Shakir (new name) and Md Sakir (old name) both are same and one identical person.

বাংলার বাড়ি পেয়ে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানালেন পূর্ব বর্ধমানের উপভোক্তারা

সুজিত দত্ত, বর্ধমান, ১০ জানুয়ারি ঃ ''আগে আমার মাটির বাড়ি ছিল, শীত- গ্রীষ্ম কিম্বা বর্ষায় চরম অসুবিধার মধ্যে বসবাস করতে হত আমাদের। এখন বাংলার বাড়ি প্রকল্পে আমাদের পাকা বাড়ি হবে, মাথার উপর ছাদ হবে। এটা আমরা স্বপ্নেও ভাবতে পারি নি। এর জন্য মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে অসংখ্য ধন্যবাদ।'' 'বাড়ি' প্রকল্পের উপভোক্তারা তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রথম কিস্তির ৬০,০০০ টাকা পাওয়ার পর উচ্ছ্বাস প্রকাশ করলেন এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলেন পূর্ব বর্ধমানের উপভোক্তারা। যারা বছরের পর বছর মাথার ওপর ছাদ পাওয়ার অপেক্ষা ছিলেন, তাদের জন্য এই প্রকল্প আশার আলো হয়ে দেখা দিয়েছে। বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের বঞ্চনার ক্ষতিপূরণ করেছে পশ্চিমবঙ্গের তৃণমূল সরকার। হাসি মুখে এক বৃদ্ধা বলেন আমার নাম লক্ষ্মীমালা রুইদাস। আগে আমার একটি কাঁচা বাড়ি ছিল। ওখানে জল চুঁইয়ে পড়ত। আবেদন করার পর বাড়ি তৈরির জন্য আমি টাকা পেয়েছি। মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাই। এক উপভোক্তার কন্যা জানালেন, আগে আমাদের মাটির বাড়ি ছিল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমার মা সন্ধ্যা রুইদাসকে বাড়ি তৈরির জন্য টাকা পাঠিয়েছেন। আমি তাকে ধন্যবাদ জানাই। পশ্চিমবঙ্গ সরকার ১২ লক্ষ উপযুক্ত পরিবারকে দুই ধাপে মোট ১,২০,০০০ টাকা করে দেবে। রাজ্য প্রশাসন সমীক্ষা চালিয়ে ২৮ লক্ষ উপযুক্ত পরিবারকে চিহ্নিত করেছে। প্রথম ধাপে ১২ লক্ষ পরিবারকে এই আবাসন অনুদান দেওয়া হবে। বাকি ১৬ লক্ষ পরিবার ২০২৫ সালের মাঝামাঝি থেকে অর্থ পেতে শুরু করবে। গত বছরের ডিসেম্বর মাসে 'বাড়ি' প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, 'আমরা বাকি ১৬ লক্ষ উপভোক্তাকেও টাকা দেবে। ওই ১৬ লক্ষ উপভোক্তার অর্ধেককে মে- জুন, ২০২৫-এর মধ্যে এবং বাকিদের ডিসেম্বর, ২০২৫ বা জানুয়ারি, ২০২৬-এর মধ্যে এই অর্থ দেওয়া হবে। এই প্রকল্পের জন্য কেন্দ্র সরকারের থেকে আমাদের প্রায় ২৪,০০০ কোটি টাকা বকেয়া রয়েছে। তারা বাংলাকে ওই টাকা না দিলেও, আমরা আমাদের সীমিত ক্ষমতা দিয়ে যতটা করা সম্ভব তা করব। উল্লেখ্য, বাংলার বাড়ি প্রকল্পের টাকা পেয়ে যাতে উপভোক্তারা বাড়ি তৈরীর কাজেই ব্যয় করে সেদিকে প্রশাসনকে কড়া নজর রাখার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রীর কড়া ধমকের পর সক্রিয় জেলা প্রশাসন, রাতভর বালি পাচার রুখতে অভিযান

দুরন্ত বার্তা, বোলপুর, ১০ জানুয়ারি ঃ মুখ্যমন্ত্রীর কড়া ধমকের পর সক্রিয় হলো জেলা প্রশাসন। বালি পাচার রুখতে জেলা প্রশাসন রাতভর অভিযান চালায়। অবৈধ বালি উত্তোলন ও পাচার রোধে বড়সড় পদক্ষেপ নিল বীরভূম জেলা প্রশাসন। বৃহস্পতিবার গভীর রাতে নানুরের একাধিক বালিঘাটে অভিযান চালান বীরভূমের জেলাশাসক বিধান রায়। অভিযানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক ও বিশাল পুলিশবাহিনী। জানা গেছে, এদিন অভিযানের সময় অজয় নদী থেকে অবৈধভাবে বালি উত্তোলনের কাজে ব্যবহৃত বেশ কয়েকটি লরি আটক করা হয়। দেখা গেছে, লরির নাম্বার প্লেটে কাদা লেপা ছিল। বাজেয়াপ্ত করা হয় বিভিন্ন হিসাবের খাতা, গুরুত্বপূর্ণ নথিপত্র এবং দু'টি পকলিন মেশিন যা বালি তোলার কাজে ব্যবহৃত হয়। অভিযানের খবর পেয়ে পালানোর চেষ্টা করলে রাস্তায় আরও কয়েকটি লরিকে আটক করে প্রশাসন। স্থানীয় বাসিন্দারা জানান, মুখ্যমন্ত্রীর নির্দেশের পরও বোলপুর, ইলামবাজার এবং নানুরের বিভিন্ন এলাকায় অবৈধ বালিঘাটগুলি সক্রিয় ছিল। প্রশাসনের এই অভিযানের ফলে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এদিকে জেলা প্রশাসন জানিয়েছে, অবৈধ বালি উত্তোলন ও পাচারের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিতে নিয়মিতভাবে এই ধরনের অভিযান চালানো হবে। প্রসঙ্গত, চলতি বছরের ২ জানুয়ারি মমতা বন্দ্যোপাধ্যায় বীরভূমের জেলাশাসককে বালি পাচার ইস্যুতে প্রশ্ন করেন। কড়া ধমক দিয়ে তিনি বলেন, বীরভূমে কাজের যে গতি ছিল, তা হঠাৎ কেন থেমে গেল? কেন এই জেলাতে সব থেকে বেশি বালি পাচার হচ্ছে? বীরভূমের কাজে আমি সন্তুষ্ট নই। পাশাপাশি, পাঁচামি জমি অধিগ্রহণে খাপছাড়া কাজ নিয়েও জেলাশাসককে ধমক দেন। জেলায়, সিউড়ীর বিশেষ এক ব্যবসায়ীর অবৈধ বালি পাচারের অর্থ মাধ্যমে বিজেপির পার্টি ফাণ্ডে যাওয়া নিয়ে গুঞ্জন ওঠে। তবে বালি পাচারের মুখ্যমন্ত্রীর এই সতর্কবার্তার পর জেলা প্রশাসন যে তপর হয়েছে, তা এই অভিযানে স্পষ্ট। প্রশাসনের এই পদক্ষেপের ফলে অবৈধ কার্যকলাপ অনেকটাই বন্ধ হবে বলে আশা করছেন স্থানীয়রা।

বর্ধমান অভিযান গোষ্ঠীর ৪৪ তম বইমেলার উদ্বোধন

দুরন্ত বার্তা, বর্ধমান, ১০ জানুয়ারি ঃ বর্ধমান অভিযান গোষ্ঠী পরিচালিত ৪৪ তম বর্ধমান বইমেলার উদ্বোধন হল শুক্রবার। শহরের শাখারী পুকুর

হাউজিং মাঠে অর্থাৎ উৎসব ময়দানে মেলা চলবে ১৯ জানুয়ারি পর্যন্ত। বর্ধমান বইমেলার উদ্বোধন করেন বিশিষ্ট সাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তী। অথিতি হিসাবে উপস্থিত ছিলেন জেলাশাসক আয়েশা রানি এ, বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস, পৌরপ্রধান পরেশচন্দ্র সরকার, সাহিত্যিক সুতপন চট্টোপাধ্যায়, বর্ধমান অভিযান গোষ্ঠীর পক্ষ থেকে শ্যামল চক্রবর্তী, নিরুপম চৌধুরী সহ বিশিষ্ট ব্যক্তিত্বরা। এই বছর পূর্ব বর্ধমান জেলার জামালপুরের বসন্তপুর হাই স্কুলের শিক্ষক দ্বিজেন্দ্রনাথ ঘোষকে এই মঞ্চ থেকে দেবপ্রসন্ন পুরস্কার প্রদান করা হয়। এদিন জেলাশাসক আয়েশা রানি এ বলেন, বর্তমান সময়ে সোশ্যাল মিডিয়ায় দাপাদাপিতে বই পড়ার অভ্যাস অনেক কমে গেছে। কোন কিছু জানতে হলে বর্তমানে বইয়ের বদলে সোশ্যাল মিডিয়ায় শরণাপন্ন হচ্ছেন সকলে। মোবাইল আসক্তি থেকে বেরিয়ে আসতে বইয়ের বড় ভূমিকার রয়েছে বলে দাবি করেন তিনি। বইমেলা কমিটির পক্ষে নিরুপম চৌধুরী জানান, এবারে স্টলের সংখ্যা প্রায় ১০০। বইমেলার মূল মঞ্চে প্রতিদিন বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান আলোচনা সভার পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে গুণী পাঁচ জন মানুষকে সংবর্ধনা দেওয়া হবে প্রতিবছরের মত।

সিভিক ভলেন্টিয়ারের আকস্মিক মৃত্যু

দুরন্ত বার্তা, বর্ধমান, ১০ জানুয়ারি ঃ পূর্ব বর্ধমান জেলার মন্তেশ্বর থানায় কর্মরত একজন সিভিক ভলেন্টিয়ারের এর আকস্মিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য শুক্রবার এলাকায়। মৃত সিভিক ভলেন্টিয়ারের নাম মানস ভট্টাচার্য (৩৭)। বাড়ি পূর্ব বর্ধমানের মন্তেশ্বর থানার পুটশুরি গ্রামে। পারিবারিক সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাতে খাওয়া-দাওযার পর নিজের ঘরে ঘুমাতে যায় মানস । শুক্রবার ডাকাডাকি করেও তার সাড়াশব্দ পাওয়া যায়নি। পরে ঘর খুলে অচৈতন্য অবস্থায় তাকে উদ্ধার করা হয় । মন্তেশ্বর ব্লক হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক । আকস্মিক ঘটনায় কার্যত হতবাক পরিবার সহ প্রতিবেশীরা । এদিন মৃতদেহ ময়নাতদন্ত করার জন্য বর্ধমান মেডিকেল কলেজে পাঠানো হয়। ঘুমের মধ্যেই হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে বলে অনুমান।

মহানন্দা বন্যপ্রাণী অভয়ারণ্যর ইকো সেনসিটিভ জোন নিয়ে দ্বিতীয় পর্যায়ের বৈঠক

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১০ জানুয়ারি ঃ পরিবেশ-সংবেদনশীল অঞ্চলের (ইকো সেনসিটিভ জোন) একাধিক সমস্যা নিয়ে শুক্রবার পুনরায় বিশেষ বৈঠক হলো শিলিগুড়ি পুরনিগমে। এদিন শিলিগুড়ি পুরনিগমের সভাকক্ষে এই বিশেষ শোভা অনুষ্ঠিত হয়। যেখানে উপস্থিত ছিলেন

শিলিগুড়ির মেয়র গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, এসডিও শিলিগুড়ি সহ বিভিন্ন সংগঠন ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা। মূলতঃ এদিন পরিবেশ-সংবেদনশীল অঞ্চল (ইকো সেনসিটিভ জোন) নিয়ে উদ্ভূত বিভিন্ন সমস্যা ও একইসঙ্গে পরিবেশ রক্ষা এবং বন ও বন্যপ্রাণী সংরক্ষণ নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও চা শিল্প ও চা শিল্পের সঙ্গে যুক্ত পর্যটন শিল্পের উন্নতিতে কি করা যায় সেই বিষয়েও এদিন আলোচনা করা হয়। এদিন এই বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মেয়র গৌতম দেব জানান, খুব শীঘ্রই এই সমস্ত বিষয়ের উপর কাজ করা হবে এবং ইতিমধ্যেই অনেকগুলো বিষয় কাজ শুরু হয়ে গেছে। পরিবেশকে বাঁচাতে সর্বদা তৎপর শিলিগুড়ি পুরনিগম ও রাজ্যের প্রশাসন। তাই আজ এই বৈঠকে বিভিন্ন পরামর্শ নেওয়া হয়।

মধ্যবিত্ত ও নিম্ন আয়ের মানুষদের জন্য উন্নত মানের পরিষেবা-সহ অমৃত ভারত ট্রেন ঃ অশ্বিনী বৈষ্ণব

চেন্নাই, ১০ জানুয়ারি ঃ মধ্যবিত্ত ও নিম্ন আয়ের মানুষদের জন্য উন্নত মানের পরিষেবা-সহ অমৃত ভারত ট্রেন। শুক্রবার এই কথাই বললেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। শুক্রবার সকালে চেন্নাইয়ের ইনটিগ্রাল কোচ ফ্যাক্টরি পরিদর্শন করেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। তিনি বলেন, দেশের নাগরিকদের বিশ্বমানের পরিষেবা দেওয়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর লক্ষ্য। সেই লক্ষ্য পূরণ করতেই অমৃত ভারত ২.০ ট্রেন চালু করা হয়েছে। যাত্রী সুরক্ষা ও স্বাচ্ছন্দ্য আরও বাড়াতে অমৃত ভারত ট্রেনের কামরায় উন্নত সুযোগ- সুবিধা দেওয়া হয়েছে বলে রেলমন্ত্রী জানান।

ক্ষতবিক্ষত মহিলার দেহ উদ্ধার, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১০ জানুয়ারি ঃ মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার অন্তর্গত রাইনডিয়া এবং অমৃত কুন্ডু গ্রামের মধ্যবর্তী এক মাঠে ক্ষতবিক্ষত অবস্থায় এক মহিলার মৃতদেহ উদ্ধার হওয়ার ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে স্থানীয় কৃষকেরা কাজ করতে এসে মাঠের মাঝে মৃতদেহটি দেখতে পান। দেহটি অত্যন্ত ক্ষতবিক্ষত অবস্থায় পড়ে ছিল। খবর পেয়ে নবগ্রাম থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। স্থানীয় মানুষ জানাই ওই মহিলার নাম অঞ্জলি টুডু বাড়ি নবগ্রামের চয়ন নগর এলাকায়। কালকে রাতে জ্বালানি কাটতে বের হয় ও মহিলা তারপর থেকে আর খোঁজ পাওয়া যায়নি ওই মহিলার। খুন নাকি অন্য কোনো অপরাধমূলক কার্যকলাপের ফল, তা তদন্তসাপেক্ষ। ঘটনার তদন্ত শুরু হয়েছে। স্থানীয় বাসিন্দাদের মতে, এমন ভয়াবহ ঘটনা আগে কখনো ঘটেনি। এলাকার মানুষজনের মধ্যে আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। পুলিশ আশ্বাস দিয়েছে, দোষীদের দ্রুত চিহ্নিত করে শাস্তির ব্যবস্থা নেওয়া হবে।

মানব পাচার চক্রের দুই দালাল গ্রেফতার

দুরন্ত বার্তা, রানাঘাট, ১০ জানুয়ারি ঃ আবারো ভারত বাংলাদেশ সীমান্ত এলাকায় মানব পাচার চক্রের দুই দালালকে পৃথক দুটি জায়গা থেকে গ্রেফতার করলো ধানতলা ও হাঁসখালি থানার পুলিশ। ভারত বাংলাদেশ সীমান্ত কাঁটাতার পেরিয়ে অবৈধ অনুপ্রবেশ চক্রের দুই দালালকে পৃথক দুটি থানা এলাকা থেকে গ্রেফতার করেছে ধানতলা ও হাঁসখালি থানার পুলিশ। এর আগেও আমরা লক্ষ্য করেছিলাম রানাঘাট জেলা পুলিশের লাগাতার অভিযানে একের পর এক দালালকে গ্রেফতার করে এবং তাদেরকে জেরা করে একের পর এক দালালের নাম সামনে আসছে। এরপর নতুন করে গতকাল রাতে আরো দুই দালালকে গ্রেফতার করে ধানতলা ও হাঁসখালি থানার পুলিশ। ধৃতের নাম সনাতন বিশ্বাস (ওরফে সোনাই) বয়স ৩২ বছর এবং সাবির দফাদার বয়স ৩২ বছর। ধৃতদের শুক্রবার পুলিশি হেফাজতের আবেদন করে রানাঘাট আদালতে পাঠাবে ধানতলা থানার পুলিশ।

ANDULIA GRAM PANCHAYAT
Vill.-Mahadia, PO.-Mahadia, PS-Kandi, Dist.-Murshidabad
E-Tender No.-MSD/KAN/ ANDULIA/04/2024-25

On behalf of the ANDULIA GP. The Prodhan, invites e-tender for 6 (Six) Nos. similar works. Source of Fund: CFC- BG. Bid submission starting from **10/ 01/2025 at 18.00 Hrs. up to 17/01/2025 at 18.00 Hrs**. Bid opening date: **20/01/2025 at 12.00 Hrs**. For details visit website **https:// wbtenders.gov.in**

Sd/- Prodhan
Andulia Gram Panchayat

Office of the MAHALANDI-II GRAM PANCHAYAT
P.O.-Jibanti, PS-Kandi, Dist.-Murshidabad
NIeT No. 11/MHND-II G.P./2024-25

The Prodhan, Mahalandi-II G.P. invites e-tender for total 2 (Two) Nos. similar works. Source of Fund: 5 th SFC/2023-24. Bid submission starting from **11/01/2025 at 18.00 Hrs. up to 20/01/2025 at 18.00 Hrs.** Bid opening date for Technical & Financial Proposals on **24/01/2025 at 11:00 Hrs.** For details visit website **https://wbtenders.gov.in**

Sd/- Prodhan
Mahalandi-II Gram Panchayat

পূর্ব রেলওয়ে

ডিভিসনাল ইঞ্জিনিয়ার (৪), পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকট, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য সমপ্রকৃতির কাজে অভিজ্ঞতাসম্পন্ন ও প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিসম্পন্ন এবং সেচ/সিপিডব্লুডি/এসইবি/ এমইএস অথবা কোনও পাবলিক সেক্টর উদ্যোগ-এর সাথে রেজিস্টার্ড টেন্ডারদাতাদের থেকে ই-টেন্ডার আহ্বান করছেন: **ডিইএন/৪/এইচডব্লুএইচ : ক্র.নং ১, ই-টেন্ডার নং ৩১০_২০২৪-২৫, তারিখ ০৯.০১.২০২৫। কাজের বিবরণ :** হাওড়া ডিভিসন - ডিইএন/৪/এইচডব্লুএইচ-এর অধিকারক্ষেত্রে এইএন/বিএইচপি-র অধীনে সেস মেরামতি কাজ। **আনুমানিক ব্যয়:** ৬,৩৩,৮৮,৯৫৫.৩০ টাকা. **বায়নামূল্য:** ৪,৬৭,০০০ টাকা. **ক্র.নং ২, ই-টেন্ডার নং ৩১১_২০২৪-২৫, তারিখ ০৯.০১.২০২৫। কাজের বিবরণ:** হাওড়া ডিভিসন - ডিইএন/৪/এইচডব্লুএইচ-এর অধিকারক্ষেত্রে এইএন/আরপিএইচ-এর অধীনে সেস মেরামতি কাজ। **আনুমানিক ব্যয়:** ৭,৫৬,৮৬,০৪২.৯২ টাকা। **বায়নামূল্য:** ৫,২৮,৪০০ টাকা। **ক্র.নং ৩, ই-টেন্ডার নং ৩১৩_২০২৪-২৫, তারিখ ০৯.০১.২০২৫। কাজের বিবরণ:** এইএন/আরপিএইচ-এর অধীনে পাইপলাইন ও অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ আরপিএইচ (৪টি) ও এনএইচটি-তে (১টি) ৫০০০০ গ্যালন ক্ষমতার আরসিসি ও.এইচ. ট্যাঙ্ক দ্বারা স্টিল ও.এইচ. ট্যাঙ্কের প্রতিস্থাপন। **আনুমানিক ব্যয়:** ৭,৯০,০৬,৯০৫.৮৪ টাকা। **বায়নামূল্য:** ৫,৪৫,০০০ টাকা। **টেন্ডার ফর্মের মূল্য :** শূন্য প্রতিটির জন্য। **কাজ শেষের মেয়াদ:** অ্যাক্সেপটেন্স লেটার ইস্যুর তারিখ থেকে ১২ মাস প্রতিটির জন্য। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় :** ৩০.০১.২০২৫ তারিখ দুপুর ২টো প্রতিটির জন্য। যদি কোনও অপ্রত্যাশিত কারণে টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত টেন্ডার বন্ধের তারিখে ছুটি/বন্‌ধ/স্ট্রাইক ঘোষিত হয় তাহলেও অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের কোন রকম হেরফের হবে না কারণ টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনও অফার জমা করার আবেদন আইআরইপিএস ওয়েবসাইট অনুমোদন করে না। যদিও, পরের দিন অনলাইনে টেন্ডার খোলা হবে। টেন্ডারের বিস্তারিত বিবরণ **www.ireps. gov.in** উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। ই-টেন্ডার সংক্রান্ত বায়নামূল্য জমা (ইএমডি) এবং টেন্ডার নথিপত্রের মূল্য উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে কেবলমাত্র নেট ব্যাঙ্কিং অথবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রহণযোগ্য হবে। **দ্রষ্টব্য :** আইআরইপিএস-এ (ই-টেন্ডার পোর্টাল) আহ্বান করা টেন্ডারের জন্য ইএমডি হিসেবে ফিক্সড ডিপোজিট রিসিট (এফডিআর) গ্রহণযোগ্য হবে না। কোনও ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না।

(HWH-541/2024-25)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

NIMTITA GRAM PANCHAYAT

NIeT No: WB/MSD/NIMTITA/ 15/2024-25 Vide Memo No- 11/NGP/25 dated- 09/01/2025. Last date of submission of tender- **22/01/2025 upto 10.00 AM**. For Details See office notice board of Visit Website: **http:// wbtenders.gov.in**

Sd/- Aliyara Bibi
Prodhan
Nimtita Gram Panchayat

Office of the MAHALANDI-II GRAM PANCHAYAT
P.O.-Jibanti, PS-Kandi, Dist.-Murshidabad
NIeT No. 10/MHND-II G.P./2024-25

The Prodhan, Mahalandi-II G.P. invites e-tender for total 9 (Nine) Nos. different works. Source of Fund:15 th CFC/2024-25. Bid submission starting from **11/01/2025 at 18.00 Hrs. up to 20/01/2025 at 18.00 Hrs**. Bid opening date for Technical & Financial Proposals on **24/01/2025 at 11:00 Hrs**. For details visit website **https:// wbtenders.gov.in**

Sd/- Prodhan
Mahalandi-II Gram Panchayat

OFFICE OF THE PARA PANCHAYAT SAMITY
PARA :: PURULIA
TENDER NOTICE

Executive Officer, Para Panchayat Samity, District-Purulia invites Tender for the following items on:-

- NIT No.:- **20/EO/PPS of 2024-25 (Sl. No.-01 to 28)**
- No. of Work:- 28 (Twenty Eight) nos.
- Last Date of Application:- **21.01.2025 up to 16.00 hours.**
- Date of issue of Tender paper:- **24.01.2025 at 11.00 hours. To 16.00 hours.**
- Last date of dropping of Tender papers **28.01.2025 up to 14:00 hours** in the Tender Box kept for the purpose at the office of the undersigned.
- Date of Opening of Tender **28.01.2025 after 14:00 hours.**

For more details go to website: **www.parablock.org** and **www.puruliazp.nic.in** and also may contact to Para Panchayat Samity office on working day's at office hours.

Sd/- Executive Officer
Para Panchayet Samity

পূর্ব রেলওয়ে

ই-অকশন বিজ্ঞপ্তি নং : কম/পাব/এইচডব্লুএইচ/ইএমইউ/২০২৪, তারিখ ০৮.০১.২০২৫। সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, ৩য় তল, নিউ কমপ্লেক্স বিল্ডিং, হাওড়া-৭১১১০১, বাণিজ্যিক প্রচারের অধিকারের চুক্তি প্রদানের জন্য ই-অকশন আহ্বান করছেন। অকশন ক্যাটালগ **www.ireps.gov.in**-তে আপলোড করা হয়েছে। **ক্যাটালগ নং : পাব-এইচডব্লুএইচ-২৫-৩। সিকোয়েন্স নং, লট নং ও বিবরণ** নিম্নরূপ : **এএ/১, এডিভিটি-ইন্টএক্সট-এস১-ইএমইউআর৩০-২৪-১ (বিজ্ঞাপন - ট্রেনের ভিতর ও বাইরে),** হাওড়া ডিভিসনে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেকের সম্পূর্ণ পার্শ্ব দেওয়ালের বাহ্যিক পৃষ্ঠে (জানালা ও বাধ্যতামূলক সাইনেজ ব্যতীত) এবং কোচের ভিতরের নির্দিষ্ট স্থানে ভিনাইল র‍্যাপিংয়ের (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী গ্রাফিক ফিল্ম) মাধ্যমে বাণিজ্যিক প্রচার ও বিজ্ঞাপনের অধিকার প্রদান। **এএ/২, এডিভিটি-ইন্টএক্সট-এস১-ইএমইউআর৩১-২৪-১ (বিজ্ঞাপন - ট্রেনের ভিতর ও বাইরে),** হাওড়া ডিভিসনে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেকের সম্পূর্ণ পার্শ্ব দেওয়ালের বাহ্যিক পৃষ্ঠে (জানালা ও বাধ্যতামূলক সাইনেজ ব্যতীত) এবং কোচের ভিতরের নির্দিষ্ট স্থানে ভিনাইল র‍্যাপিংয়ের (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী গ্রাফিক ফিল্ম) মাধ্যমে বাণিজ্যিক প্রচার ও বিজ্ঞাপনের অধিকার প্রদান। **এএ/৩, এডিভিটি-ইন্টএক্সট-এস১-ইএমইউআর৩২-২৪-১ (বিজ্ঞাপন - ট্রেনের ভিতর ও বাইরে),** হাওড়া ডিভিসনে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেকের সম্পূর্ণ পার্শ্ব দেওয়ালের বাহ্যিক পৃষ্ঠে (জানালা ও বাধ্যতামূলক সাইনেজ ব্যতীত) এবং কোচের ভিতরের নির্দিষ্ট স্থানে ভিনাইল র‍্যাপিংয়ের (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী গ্রাফিক ফিল্ম) মাধ্যমে বাণিজ্যিক প্রচার ও বিজ্ঞাপনের অধিকার প্রদান। **এএ/৪, এডিভিটি-ইন্টএক্সট-এস১-ইএমইউআর৩৩-২৪-১ (বিজ্ঞাপন - ট্রেনের ভিতর ও বাইরে),** হাওড়া ডিভিসনে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেকের সম্পূর্ণ পার্শ্ব দেওয়ালের বাহ্যিক পৃষ্ঠে (জানালা ও বাধ্যতামূলক সাইনেজ ব্যতীত) এবং কোচের ভিতরের নির্দিষ্ট স্থানে ভিনাইল র‍্যাপিংয়ের (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী গ্রাফিক ফিল্ম) মাধ্যমে বাণিজ্যিক প্রচার ও বিজ্ঞাপনের অধিকার প্রদান। **এএ/৫, এডিভিটি-ইন্টএক্সট-এস১-ইএমইউআর৩৪-২৪-১ (বিজ্ঞাপন - ট্রেনের ভিতর ও বাইরে),** হাওড়া ডিভিসনে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেকের সম্পূর্ণ পার্শ্ব দেওয়ালের বাহ্যিক পৃষ্ঠে (জানালা ও বাধ্যতামূলক সাইনেজ ব্যতীত) এবং কোচের ভিতরের নির্দিষ্ট স্থানে ভিনাইল র‍্যাপিংয়ের (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী গ্রাফিক ফিল্ম) মাধ্যমে বাণিজ্যিক প্রচার ও বিজ্ঞাপনের অধিকার প্রদান। **অকশন শুরুর তারিখ/সময় :** ২৩.০১.২০২৫ তারিখ দুপুর ১২টা। (HWH-538/2024-25)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং আইসিএফ/হস্প/ ড্রেন/পিএইচওয়াই/জিপি/এলএলএইচ, তারিখ ০৯.০১.২০২৫। চিফ ওয়ার্কস ম্যানেজার, সি অ্যান্ড ডব্লু ওয়ার্কশপ, পূর্ব রেলওয়ে, লিলুয়া, হাওড়া-৭১১২০৪ নিম্নলিখিত কাজের জন্য রেলওয়ে ও সরকারি দপ্তর/পাবলিক সেক্টর উদ্যোগের উপযুক্ত তালিকাভুক্ত প্রখ্যাত, অনুমোদিত ও যোগ্য ঠিকাদারদের থেকে ই-টেন্ডার আহ্বান করছেন : **কাজের নাম :** (১) সি অ্যান্ড ডব্লু ওয়ার্কশপ, পূর্ব রেলওয়ে, লিলুয়াতে আইসিএফ লিফটিং বে-তে ট্রলি যাতায়াতের কলাম পরিচালনা ব্যাহত করা বর্তমান কিছু কলামকে চিহ্নিত করে সেগুলিকে স্থানান্তরণ/বাতিল। (২) লিলুয়া রেলওয়ে হাসপাতাল, পূর্ব রেলওয়ে, লিলুয়াতে ড্রেনেজ প্রণালীর মেরামতি ও সংস্কার কাজ সহ আনুষঙ্গিক কাজ। (৩) সিডব্লুএম/ এলএলএইচ-এর অধীনে লিলুয়া কলোনির নালা বর্জের ফিলট্রেশনের জন্য ফাইটোরিড প্রযুক্তির উন্নয়ন ও (৪) সি অ্যান্ড ডব্লু ওয়ার্কশপ লিলুয়ার লিলুয়া ইয়ার্ডে সবুজাংশের উন্নয়ন। **কাজের আনুমানিক ব্যয়:** ৬৯,৬৩,৯১৫.৫৩ টাকা। **বিড সিকিউরিটি :** ১,৩৯,৩০০ টাকা। **টেন্ডার নথির মূল্য :** শূন্য। **সম্পূর্ণ করার মেয়াদ :** ২৭০ দিন। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় :** ৩১.০১.২০২৫ তারিখ দুপুর ১২টা। টেন্ডারের বিস্তারিত বিবরণ ও সংশোধনী, যদি থাকে, ওয়েবসাইট **www.ireps. gov.in**-তে পাওয়া যাবে। টেন্ডারদাতাদের অফার অনলাইনে উপরোক্ত ওয়েবসাইটে জমা করতে অনুরোধ করা হচ্ছে। কোনও ম্যানুয়ার অফার গৃহীত হবে না।

(MISC-300/2024-25)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

ফর্ম নং INC-২৬

(কেন্দ্রীয় সরকার) পূর্ব অঞ্চলের আঞ্চলিক পরিচালকের কাছে কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয়

কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১৩ এর উপ-ধারা (৪) এবং কোম্পানি (ইনকর্পোরেশন) বিধি, ২০১৪ এর বিধি ৩০ এর উপ-বিধি (৫) এর ধারা (ক) এর ক্ষেত্রে

এবং

জিটিটি ডেটা সলিউশনস লিমিটেড (পূর্বে সিনেরেড কমিউনিকেশনস লিমিটেড নামে পরিচিত) এর ক্ষেত্রে, যার নিবন্ধিত অফিস ৮০ বুরটোলা স্ট্রিট, কলকাতা, বড়বাজার, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০৭ এ অবস্থিত এবং **CIN: L62099WB 1986PLC218825**

....আবেদনকারী

এতদ্বারা সাধারণ জনগণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানিটি ধারা ১২ এবং ১৩ এবং কোম্পানি আইন, ২০১৩ এবং প্রণীত বিধিগুলির অন্যান্য প্রযোজ্য বিধান অনুসারে কেন্দ্রীয় সরকার, আঞ্চলিক পরিচালক, পূর্ব অঞ্চল, কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয়, কলকাতার কাছে আবেদন করার প্রস্তাব করছে। এর অধীনে ৮ জুন, ২০২৪ তারিখে অনুষ্ঠিত অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাবের পরিপ্রেক্ষিতে কোম্পানির স্মারকলিপির পরিবর্তনের অনুমোদন চাওয়া হচ্ছে যাতে কোম্পানি তার নিবন্ধিত অফিস ''পশ্চিমবঙ্গ রাজ্য'' থেকে ''পুনে কোম্পানির নিবন্ধকের এখতিয়ারাধীন মহারাষ্ট্র রাজ্য''-এ পরিবর্তন করতে পারে।

কোম্পানির নিবন্ধিত অফিসের প্রস্তাবিত পরিবর্তনের ফলে যার স্বার্থ ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে, তিনি MCA-২১ পোর্টালে (**www.mca.gov.in**) বিনিয়োগকারীদের অভিযোগ ফর্ম দাখিল করে অথবা জমা দিতে বাধ্য করে অথবা নিবন্ধিত ডাকযোগে পাঠাতে পারেন, তার আপত্তিগুলি একটি হলফনামা দ্বারা সমর্থিত, যাতে তার স্বার্থের প্রকৃতি এবং বিরোধিতার কারণ উল্লেখ করা থাকে নিজাম প্লেসে অবস্থিত কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয়ের পূর্ব অঞ্চলের আঞ্চলিক পরিচালকের কাছে ।। এমএসও বিল্ডিং, তৃতীয় তলা, ২৩৪ / ৪, এজেসি বোস রোড, কলকাতা ৭০০০২০, পশ্চিমবঙ্গ, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে, আবেদনকারী কোম্পানির কাছে একটি অনুলিপি সহ নীচে উল্লিখিত নিবন্ধিত ঠিকানায়, আগ্রহের প্রকৃতি এবং বিরোধিতার কারণ সহ পাঠাতে হবেঃ

নিবন্ধিত অফিসঃ ৮০ বুরতোলা স্ট্রিট, কলকাতা, বড়বাজার, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০৭

জিটিটি ডেটা সলিউশনস লিমিটেডের জন্য
(পূর্বে সিনেরেড কমিউনিকেশনস লিমিটেড নামে পরিচিত)
স্বাক্ষর-
ইব্রাহিম সাইফুদ্দিন নিমুচওয়ালা
কোম্পানি সচিব
সদস্যপদ নং- **A60947**

তারিখঃ ১০-০১-২০২৫
স্থানঃ পুনে

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer (Electrical), Lighting, Zone-VI, KMC** invites e-tender online two bid system for following work:
NIT No. : KMC/EE(E)/Z-VI/125/28/24-25
Name of work : **Repairing and renovation work of street lighting system at Anandanagar, Bachar Para and others areas in Ward No.-125**. Estimated Amount : **Rs. 4,84,294.00**. Earnest Money: **Rs. 9,700.00**. Period of Completion: **15 Days**. Technical bid open date: **20.01.2025 (2 p.m.)** Last date and time of submission of bid: **18.01.2025 (6 p.m.).** The bid forms and other details are available on and from **11.01.2025 (4 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Ex. Engineer (Electrical), Lighting/ Crematorium, KMC** invites open percentage rate e-tender online in two bid system for following works:
1.NIT No.: KMC/LTG/OM/30/GAM/DISP/24-25(1st call)
Name of the work : **Annual maintenance contract of video monitoring system, PA system and running display with allied accessories at Garia Adi Mahasmashan**. Estimated Amount: **Open quotation**. Earnest Money: **Rs. 2,500.00**. Time of Completion: **365 Days**.
2.NIT No.: KMC/LTG/OM/31/GAM/ELEC/24-25(1st call)
Name of the work : **Maintenance of street light, indoor and outdoor lighting system at Garia Adi Mahasmashan**. Estimated Amount: **Rs. 1,71,199.00**. Earnest Money: **Rs. 3,500.00**. Time of Completion: **365 Days**. Last date and time of submission of bid: **20.01.2025** at **5 p.m.** (for sl. no. 1 & 2). The bid form and other details are available on and from **11.01.2025** at **5 p.m.** (for sl. no. 1 & 2) from the website **https://wbtenders. gov.in** (for sl. no. 1 & 2).

The **Executive Engineer (E)/LTG-HQ, KMC** invites e-tender online quoted rate in two bid system for following work:
NIT No. : KMC/EE(E)/LTG/CMO/114/24-25
Name of work : **Annual maintenance contract of precission, Air Conditioning Unit at FAC&C Cell, Room No-222, CMO Building**. Estimate Amount : **Open quotation**. Earnest Money: **Rs. 2,200.00**. Period of Completion: **365 Days**. Last date and time of submission of bid: **20.01.2025 (2 p.m.).** The bid forms and other details are available on and from **11.01.2025 (2 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Electrical)/LTG/Z-III/VII, KMC** invites e-tender online percentage rate two bid system for following works:
1. NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/707
Name of work : **Improvement and beautification of lighting arrangement at 2 No. Bridge near Motijhil in Ward No.-56**. Estimate Amount: **Rs. 1,97,760.02**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **30 Days**.
2. NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/706
Name of work : **Repairing of street lighting system at Shahebabad Village, Durgapur Village and different places in Ward No.-58, Br-VII**. Estimate Amount: **Rs. 3,42,625.33**. Earnest Money: **Rs. 6,900.00**. Period of Completion: **30 Days**.
3. NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/710
Name of work : **Temporary lighting arrangement on the occasion of Sab-E-Barat at different Burial Ground and URS at Data Baba Mazar in Wd No.-66, Br-VII**. Estimate Amount: **Rs. 1,76,100.00**. Earnest Money: **Rs. 3,600.00**. Period of Completion: **30 Days**.
4. NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/711
Name of work : **Restoration of damaged street lighting system due to fire hazard on 20.12.2024 at G. J. Khan Khaldhar Bustee in Ward No.-66, Br-VII**. Estimate Amount: **Rs. 1,92,590.84**. Earnest Money: **Rs. 3,900.00**. Period of Completion: **30 Days**.
5. NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/709
Name of work : **Repairing of park lighting system at Salim Football Ground, Kamardanga Ground and different park in Ward No.-66, Br-VII**. Estimate Amount: **Rs. 3,04,526.11**. Earnest Money: **Rs. 6,100.00**. Period of Completion: **30 Days**. Last date and time of submission of bid: **21.01.2025 - 12.30 p.m.** (for sl. no. 1 to 5). Bid opening date for technical proposals: **21.01.2025 - 2.30 p.m.** (for sl. no. 1 to 5). The bid forms and other details are available on and from **10.01.2025 (6 p.m.)** (for sl. no. 1 to 5) from the website **https://etender.wb.nic.in** (for sl. no. 1 to 5).

The **Executive Engineer (Electrical) Lighting/ Zone-IV, KMC** invites e-tender online percentage rate two bid system for the following works:
1. NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/280/24-25
Name of work : **Renovation & other works of street lighting system at 1 no. R.P. Colony to 5 no. R.P. Colony, Barabagan, Jhilmil Bustee & other different areas in Ward No.-94, Br-X**. Estimated Amount: **Rs. 4,98,666.43**. Earnest Money: **Rs. 10,000.00**. Period of Completion: **20 Days**. Last date and time of submission of bid: **25.01.2025** up to **6 p.m.**
2. NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/285/24-25
Name of work : **Repairing works of street lighting system at Lord's More, 58 Plot Jodhpur Park and different other places within Ward No.-93, Br-X**. Estimated Amount: **Rs. 3,49,432.73**. Earnest Money: **Rs. 7,000.00**. Period of Completion: **15 Days**.
3. NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/283/24-25
Name of work : **Improvement of street lighting arrangement at the Graham Road and adjacent areas in Ward No.-97, Br-X**. Estimated Amount: **Rs. 4,98,432.33**. Earnest Money: **Rs. 10,000.00**. Period of Completion: **20 Days**.
4. NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/284/24-25
Name of work : **Repairing of electrical installation system at WD-91, 96, 92 Institutions under Borough-X**. Estimated Amount: **Rs. 1,42,088.82**. Earnest Money: **Rs. 3,000.00**. Period of Completion: **20 Days**.
5. NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/260/24-25
Name of work : **Miscellaneous works of street lighting arrangement at Pally Sree and Suryanagar and other adjacent areas in Ward No.-98, Br-X**. Estimated Amount: **Rs. 1,94,924.95**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **10 Days**. Last date and time of completion of bid: **20.01.2025** up to **10 p.m.** (for sl. no. 2 to 5). The bid form and other details are available on and from **10.01.2025, 6 p.m.** (for sl. no. 1) and **11.01.2025** from **9 a.m.** (for sl. no. 2 to 5). The website **https://etender.wb. nic.in** (for sl. no. 1 to 5).

The **Executive Engineer (E)/LTG/Z-I, KMC** invites e-tender online percentage bid system for the following works:
1. NIT No. : LTG/410/WD-31/BR-III/Z-1/24-25
Name of work : **Repairing and replacement work of road side garden lighting arrangement at APC Park in Ward No.-31, under Br-III**. Estimated Amount: **Rs. 1,97,512.05**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **14 Days**. Last date & time of submission of bid: **18.01.2025 (1 p.m.)**
2. NIT No. : KMC/LTG/Z1/BR1/WD1/18/24-25
Name of work : **Replacement of old/damaged fittings at Ratan Babu Road, K.C. Road and different other places in Ward No.-01**. Estimated Amount: **Rs. 2,96,532.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Period of Completion: **15 Days**.
3. NIT No. : KMC/LTG/Z1/BR1/WD8/20/24-25
Name of work : **Improvement of bustee lighting system at Kashimitra Ghat Street Bustee, Raja Para Bustee and other bustees in Ward No.-08**. Estimated Amount: **Rs. 2,76,367.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Period of Completion: **20 Days**. Last date & time of submission of bid: **20.01.2025** at **1.15 p.m.** (for sl. no. 2 & 3).
4. NIT No. : KMC/LTG/Z1/BR1/WD7/22/24-25
Name of work : **Improvement of lighting system at Kaliprasad Chankraborty Street and front side of Nivedita Park and other places in Ward No.-07 under Borough-1**. Estimated Amount: **Rs. 4,99,978.00**. Earnest Money: **Rs. 10,000.00**. Period of Completion: **15 Days**.
5. NIT No. : KMC/LTG/Z1/BR1/WD4/16/24-25
Name of work : **Repairing of damaged lamp posts around the pond at 26 No. Dum Dum Road (Noongola Bustee) at Ward No.-4 under Borough-1, KMC**. Estimated Amount: **Rs. 4,92,057.00**. Earnest Money: **Rs. 10,000.00**. Period of Completion: **30 Days**. Last date & time of submission of bid: **21.01.2025** up to **1 p.m.** (for sl. no. 4 & 5).
6. NIT No. : KMC/LTG/Z1/B1/INS/W5/24/24-25
Name of work : **Restoration of a damaged outdoor unit of ductable AC system along with necessary electrical elements and supporting platform at Mohit Moitra Mancha in Ward No.-05 under Br-1**. Estimated Amount: **Rs. 4,98,592.00**. Earnest Money: **Rs. 10,000.00**. Time of Completion: **20 Days**. Last date and time of bid submission: **22.01.2025** at **1.15 p.m.** The bid forms and other details are available on and from **10.01.2025 (5 p.m.)** (for sl. no. 1 to 3) / **11.01.2025 (5 p.m.)** (for sl. no. 4 & 5) and **13.01.2025** from **5 p.m.** (for sl. no. 6). The website **https://etender.wb.nic.in** (for sl. no. 1 to 6).

The **Executive Engineer (E)/Lighting/Zone-V, KMC** invites e-tender online percentage rate two bid system for following works:
1. NIT No. : LTG/XIV/119/24-25/128/PTL
Name of work : **Rehabilitation of landscape lighting system in recreational area around water bodies at Satgram, Malir Math and other areas in Ward-128, Br-XIV**. Estimated Amount: **Rs. 4,23,085.00**. Earnest Money: **Rs. 8,500.00**. Period of Completion: **15 Days**. Last date and time of submission of bid: **18.01.2025 (4 p.m.)**
2. NIT No. : LTG/XIV/144/24-25/121
Name of work : **Repairing and re-placement of the existing street lighting system at Jadu Colony, Hindusthan Park and other different areas under Ward No.-121**. Estimated Amount: **Rs. 2,94,953.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Period of Completion: **7 Days**. Last date & time of submission of bid: **18.01.2025 - 1 p.m.** The bid form and other details are available on and from **10.01.2025 (4 p.m.)** from the website **https://wbtenders.gov.in** (for sl. no. 1.) and **10.01.2025** from the website **https://etender.wb. nic.in** (for sl. no. 2).

1207/24-25

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩০ বর্ষ, দৈনিক ৪২ সংখ্যা, শনিবার ২৬ পৌষ, ১৪৩১

রবীন্দ্র সঙ্গীতে বাউল গীতি

রবীন্দ্রনাথের গানে দেশি আদর্শের সুস্পষ্ট ছাপ। তাঁর শিল্পীসত্ত্বা ও ব্যক্তিত্ব প্রায় অভিন্ন। জীবনের জীবনের এক তীব্র মুহূর্তে হঠাৎ পেয়ে গেলেন আনুষ্ঠানিক সম্প্রদায়গত ধর্মাচরণের বাইরে এক সরল উদার আন্তরিকতার ধর্ম যা আত্মভোলা গানের সুরে নিজেকে অনায়াসে প্রকাশ করে। একে তিনি গ্রহণ করে আত্মস্থ করেছেন দীর্ঘ বছর দশেক কাল ধরে। তারপর হঠাৎ দেশব্যাপী প্রাণোচ্ছ্বাসের সঙ্গে একাত্মতাবোধের ঐকান্তিকতায় বাউল সুরাশ্রিত স্বদেশি গানের প্লাবনোচ্ছ্বাস। রবীন্দ্রনাথ যাকে তাঁর সাঙ্গীতিক ঐতিহ্য বলে গ্রহণ করেছিলেন তার ধারা প্রধানত দুটি মার্গ বা ক্ল্যাসিক্যাল সঙ্গীত এবং দেশ বা লোকসঙ্গীত। লোকসঙ্গীত সহজ ও সাবলীল। গানের ভাব প্রকাশিত হয় কথায়। সুর ও ছন্দ তাকে প্রাণবান করে তোলে। তাল সাধারণত সহজম সুর তিন থেকে সাতটি পর্দায় বিন্যস্ত। এর গায়কেরা পুঁথিগত বা সাঙ্গীতিক বিদ্যায় রীতিমত শিক্ষিত না-ও হতে পারেন। সাধারণত এঁরা যাকে বলে 'গাইতে গাইতে গাইয়ে'। বাউল সম্প্রদায়ের গান এক ধরনের আবেগময় একটানা সুর, মাঝে মাঝে বেশ ছন্দোবহুল সঙ্গে নৃত্যের আবেগ। বাউল সম্প্রদায়ের মধ্যে মিলেছে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, সুফি ধর্ম। বৈষ্ণব সহজিয়া ধর্মের সঙ্গে মূল সাধনাঙ্গ এক হওয়ায় সহজিয়া মুসলমান ফকিরদের মিলনে ১৬২৫ খ্রীষ্টাব্দে বাউলধর্মের উদ্ভব। মুসলমান ফকিরাই বাউল সাধনার আদি প্রবর্তক বলে মনে করা হয়। অনেকের মতে বাউলসাধনা শিষ্টজন নিন্দিত ও ধর্মের নামে ইন্দ্রিয়সেবা মাত্র। কিন্তু উভয় বাংলায় বাউল গান ধর্মসঙ্গীত হিবাসেই পরিচিত। এই গানের ঐতিহাসিক গুরুত্ব অনেক। বিশিষ্ট বাউল কবি বা গীতিকারা হলেন লালন ফকির, মদন, পাগলা কানাই, ঈশান, গঙ্গারাম, দীনু, পাঞ্জু শাহ, যাদুবিন্দু। হাউড়ে বাউল, গগন, চণ্ডী বাউল, ফটিক, গোঁসাইচাঁদ, এরফান আলি, বাখের শাহ। রবিঠাকুর মনে করতেন লোকসঙ্গীতের চেয়ে বাউল গান অনেক ছন্দবহুল। এর সুরের পার্থক্য দেখাযায় প্রথম কলির সঙ্গে দ্বিতীয় কলির। কীর্তন ও বাউলের সুর বৈঠকি গানের একেবারে গা ঘেঁষে গিয়েও তাকে স্পর্শ করে না। ওস্তাদের আইন অনুসারে এটা অপরাধ, কিন্তু বাউলের সুর যে একঘরে। রাগরাগিণী যতই চোখ রাঙাক, সে কীসের কেয়ার করে! রবীন্দ্রনাথের গান প্রথম থেকেই কিছুটা কাব্যপ্রভাবিত এবং ওস্তাদিগানের তানকর্তব বা লয়বৈচিত্র্য তিনি প্রায় সজ্ঞানে পরিহার করেছেন। অর্থাৎ তাঁর গান প্রথম থেকেই অনেকটা দেশি আদর্শ অনুসারী। বাউল গান সম্পর্কে লিখিতভাবে রবীন্দ্রনাথের প্রথম আগ্রহের প্রকাশ দেখি ১২৯০ সালে (১৮৮৩-৮৪ খ্রিষ্টাব্দে) ভারতী পত্রিকায় যখন তাঁর বয়স মাত্র ২২ বছর। বাউল গানের একটি সংগ্রহ পুস্তক সমালোচনা প্রসঙ্গে তিনি দেশবাসীর দৃষ্টি এদিকে আকর্ষণ করেন। তার আহ্বানে ভারতীতে কিছু গান ছাপাও হয়। কিন্তু তা শুধুই কথা, সুর ছাড়া। সাতাশ বছর বয়সের মধ্যে তার প্রায় ৪০০ গান রচনা হয়ে গেছে। এর মধ্যে মাত্র কয়েকটি দেশি সুরে অর্থাৎ কীর্তনের ও রামপ্রসাদী সুরে, যা তৎকালে কলকাতা অঞ্চলে যথেষ্ট পরিমাণে প্রচলিত বাউল সুর একটিও নেই।

মহানায়কের নায়কোচিত ন্যায়

উত্তম কুমার ভেঙ্গে দিয়েছিলেন অতিশয় নীচ বিভাজন রীতি। উত্তম কুমার যে শুধু ভালো অভিনেতা ছিলেন তা নয়, তিনি একজন অতুলনীয় মানুষও ছিলেন আর একথা যারা তাঁর সাথে কাজ করেছেন প্রত্যেকেই অকপটে স্বীকার করে নেন। উত্তম কুমারের বড় মানসিকতার আরও প্রমাণ পাওয়া যায় অভিনেতা অনিল চট্টোপাধ্যায় এর গল্পে। তখন অনিল চট্টোপাধ্যায় সিনেমার পর্দায় নতুন মুখ। ততদিনে উত্তম কুমার বাঙ্গালীর মহানায়কের উপাধি পেয়ে গেছেন। ১৯৬১ সালে অগ্নিসংস্কার ছবিতে সুযোগ হল মহানায়কের সাথে কাজ করার। একদিন শুটিং চলাকালীন দুপুরে খাবার সময় অনিল চট্টোপাধ্যায়কে ডেকে পাঠালেন উত্তমকুমার। আর কিছুই না নতুন অভিনেতাকে একটু অনুপ্রাণিত করতে একসঙ্গে লাঞ্চ করবেন দুজনে এটাই ছিল বাসনা। তবে ঝামেলাটা এখানেই শুরু হল। উত্তমকুমার সাধারণত আলাদাই খাবার খেতেন। আর ওদিকে যে সিনেমাপাড়াতে খাবারের মধ্যেও ভেদাভেদের রীতি চালু হয়ে গেছে সেটা তাঁর জানা ছিল না ।তাঁর এটাও জানা ছিল না যে কতখানি অসম্মান সেখানে লুকিয়ে থাকে সাধারণ অভিনেতাদের জন্য । তবে সেইদিন সব খুলে সামনে এসে গেলো। সেদিন তিনি দেখলেন তাঁর জন্য খাবার এল রোজকার মতোই দামি প্লেটে সাজানো তাঁর সব পছন্দের খাবার, আর তাঁর পাশে বসা নবাগত অভিনেতার জন্য বরাদ্দ শালপাতার থালাতে সাধারণ ভাত , ডাল আর স্বজি। মহানায়ক যেন আকাশ থেকে পড়লেন। আসলে তিনি জানতেন না যে এটাই ছিল শ্যুটিংপাড়ার অলিখিত নিয়ম। খাবার এর হিসেব হত অভিনেতাদের তারকা লেবেল দেখে। যে যত বড় তারকা ,তাঁর খাবারের ফিরিস্তিও তেমনি হবে। বাকি যারা বেঁচে রইল তাদের জন্য লঙ্গর ব্যাবস্থা। বহুদিন ধরেই এই অলিখিত নিয়ম চলে আসছিল। কিন্তু সেদিন বাঙলার মহানায়ক উত্তমকুমার এক কথায় সেই নিয়ম ভেঙে দিলেন ।প্রচণ্ড রেগে গিয়ে ডাকলেন প্রোডিউসারের (শ্রীবিষ্ণু পিকচার প্রাঃ লিঃ) দলের লোককে। তাদের সামনে নিজের প্লেটটা ছুঁড়ে ফেলে দিলেন উত্তমকুমার। পরিষ্কার জানালেন, যেদিন এই হীন, অতিশয় নীচ ব্যবস্থা বন্ধ হবে, সব অভিনেতা অভিনেত্রীদের জন্য একই রকম খাবারের ব্যবস্থা করা হবে, সেদিনই মহানায়কের পক্ষে একমাত্র খাবার খাওয়া সম্ভব হবে তার আগে এখানে খাওয়া সম্ভব নয়। সেদিনের ঘটনার দৌলতে বন্ধ হয়ে গিয়েছিল এই বিভাজন। আর সিনেমার পর্দা শুধু নয়, সিনেমাপাড়ার মানুষের মনেও চিরস্থায়ী হয় মহানায়কের আসন।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর

ঈশ্বর এক অদৃশ্য শক্তি। তিনি আছেন সেটা বুঝতে পারা যায়। কিন্তু তাকে ধরা যায় না। তিনি পাশে আছেন সেটা উপলব্ধি করা যায়। কিন্তু তাকে স্পর্শ করা যায় না। ঐশ্বরিক শক্তি বলে একটি বস্তু আছে। আর সেটা যার কাছে আছে তিনি মহান হন। কোন আলোতে প্রাণের প্রদীপ জ্বালিয়ে ধরায় এসো। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এই গানটি লিখেছেন। বিখ্যাত রবীন্দ্র সঙ্গীত। ভক্তিমূলক গান। ব্রাহ্ম সঙ্গীত বলা যেতে পারে। আসলে ইশ্বরের উদ্দেশ্যেই কবিগুরু এই গানটি রচনা করেছিলেন। ঈশ্বর জগতে আলো নিয়ে আসেন। সেই আলোতে সবাই আলোকিত হয়।

স্বামী বিবেকানন্দ-বাণী

স্বামী বিবেকানন্দ বলতেন জীবন ধন্য হতে থাকবে। জীবনকে শক্তিশালী করতে হবে। তার জন্য মায়ের ধ্যান করতে হবে। মাতৃভক্তিকে জাগরিত করতে হবে। মাই হচ্ছেন আসল শক্তির আধার। তিনি সবাইকে শক্তি দান করে থাকেন। মা ভবতারিনী হচ্ছেন শক্তি। মা সারদা হচ্ছেন শক্তি। সেই কারণে ঠাকুর রামকৃষ্ণদেব মা সারদা পুজো করে থাকেন। বেলুড় মঠে কুমারী পুজোর আয়োজন করা হয়ে থাকে। তার কারণ হচ্ছে মাতৃপুজো। জ্ঞান অর্জন করতে হবে। জ্ঞানই ধন উপার্জন করতে সাহায্য করবে। যিনি জ্ঞানী তাদের ধন উপার্জন করতে আলাদা করে উদ্যোগী হতে হয় না। ধন আপনা থেকে তার কাছে এসে ধরা দিয়ে থাকে। জ্ঞানই ধন উপার্জনের পথটাকে খুলে দেয়। মনের শক্তিটাকে খুলে দিতে হয়। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব ধর্মের কথা বলা হয়েছে। সেখানে বারবার একটি কথা বলা হচ্ছে অসৎ পথ পরিত্যাগ করে সৎ পথকে অবলম্বন করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে।

ব্রিটিশ যুগ থেকে দার্জিলিং একটি বিশেষ পর্যটন স্থান হিসাবে পরিচিতি লাভ করতে শুরু করে দিয়েছিল যা গোটা বিশ্ববাসীদের ভ্রমণ স্থল

বিশেষ প্রতিবেদক

সেই বৃটিশ আমল থেকেই পৃথিবীর পর্যটকদের কাছে দার্জিলিং হল এক স্বপ্নের দেশ। এখানে সাদা তুষারে ঢাকা পাহাড়ের সারি দূর দূরান্তে নীল আকাশের কোলে গিয়ে মিশেছে। এখানকার লম্বা লম্বা উইলো গাছে সাইপ্রাস লতা দোলে আর রডোডেনড্রন পুষ্পগুচ্ছে বনস্থলী ছেয়ে থাকে। এখানকার রুক্ষ পাথুরে পাহাড়ের গায়ে সবুজবনে সাদারঙের ম্যাগনোলিয়া ফুল ফোটে। এখানে একদিকে যেমন সুউচ্চ পর্বত রয়েছে, আরেকদিকে তেমনি রয়েছে গভীর খাদ। এখানকার পাহাড়ের কোলে যেমন সাদা মেঘের অবিরাম আনাগোনা, খাদের গভীরে মেঘপুঞ্জ তেমনি যেন মহাসাগরের ঢেউরূপে দেখা দেয়। এখানকার উত্তরদিকে তাকালে যেমন তুষার ঢাকা পর্বতের শৃঙ্গে শৃঙ্গে রূপ আর রঙের সমারোহ দেখা যায়, দক্ষিণদিকে তেমনি ঘুমপাহাড়ে দৃষ্টি অবরুদ্ধ হয়। এই জেলার পূর্ব আর পশ্চিমে হিমালয়ের সহস্র যোজনব্যাপী পর্বতশৃঙ্খল রয়েছে, আর কাছেই রাংনু উপত্যকার চার মাইল চওড়া হাজার ফুট গভীর খাদ সহসা চোখ মেলে দেখলে ভয়ে শিউরে উঠতে হয়। এই গভীর খাদের পাশেই আবার রয়েছে সুউচ্চ মাইমন পাহাড়। আর তারপরেই স্ফটিকের মত স্বচ্ছ বরফের ঢেউ যেন দূরে আকাশের কোলে হারিয়ে গিয়েছে। আর সেসব ঢেউয়ের মাঝে যেটি সবথেকে উঁচু ও একজন ধ্যানমগ্ন সন্ন্যাসীর মত মহানির্জনে তপস্যামগ্ন, সেটি হল কাঞ্চনজঙ্ঘা পর্বতশৃঙ্গ। সূর্যের আলোয় এই কাঞ্চনজঙ্ঘার স্বর্ণ কিরীট ঝকঝক করে উঠে। আর এই কাঞ্চনজঙ্ঘার কিছু দূরেই নেপাল এলাকায় রয়েছে পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ এভারেষ্ট। দার্জিলিংয়ের একদিকে যেমন অরণ্য ও পর্বতের ভীম সৌন্দর্য রয়েছে, অন্যদিকে দক্ষিণের সমতলভূমিতে রয়েছে সবুজ বনের সমারোহ। এখানে ভিক্টোরিয়া আর পাগলাঝোরা জলপ্রপাতের ঝর ঝর ধ্বনির সঙ্গে তিস্তা নদীর ভৈরব গর্জন সঙ্গত করছে। অতীত থেকেই প্রকৃতির এই বিচিত্র লীলার রাজ্যে পদার্পন করলে অ-কবিও কবি হয়ে ওঠেন।

দার্জিলিংয়ের নামকরণ নিয়ে ইতিহাসে নানা মতভেদ চালু থাকলেও, সিংভাগের মতে, অতীতে এখানে দুর্জয়লিঙ্গ বলে শিবের একটি লিঙ্গ প্রতিষ্ঠিত ছিল, যা থেকে পরে এই জায়গাটির নাম দার্জিলিং হয়েছিল। পশ্চিমবঙ্গের বিচিত্র এই জেলাটির তিনদিক ঘিরে নেপাল, সিকিম ও ভূটান অবস্থান করছে। এর দক্ষিণে রয়েছে উত্তর দিনাজপুর জেলা। ১৯৪৭ সাল থেকে দার্জিলিং জেলা চারটি মহকুমায় বিভক্ত। দার্জিলিংয়ের উত্তরে হিমালয়ের উত্তুঙ্গ গিরিশৃঙ্গগুলো প্রহরীর মত দাঁড়িয়ে রয়েছে আর এর নিচেই যে বনভূমি রয়েছে, সেটাকে তরাই বলা হয়। আরো ভালো করে বললে, দার্জিলিংয়ের শিলিগুড়ি আর কার্সিয়াং মহকুমার পূর্বদিকে এই তরাই অঞ্চলটি অবস্থিত। এছাড়া জেলাটির বাকি অংশে ডুয়ার্স অঞ্চলের চাযের জমি রয়েছে। হিমালয়ের উঁচু জমি ঢালু হয়ে এখানকার সমতলভূমিতে এসে মিশেছে, এবং সেই ঢালু জমি বা ঢাল অঞ্চলেই বৃটিশ আমলে চায়ের বাগানগুলো তৈরি হয়েছিল। এখানকার তরাই অঞ্চলের বেলে দোঁআশ কালো মাটিতে অতীত থেকেই ভালো চাষবাস হয়। অতীতে দার্জিলিঙের মাটিতে হেমাটাইট বা লোহা পাথর পাওয়া যেত এবং তা থেকে লোহা তৈরি করা হত। পরবর্তী সময়ে এখানকার রঙি নদীর ধারে গ্রাফাইটের সন্ধান পাওয়া গিয়েছিল।

দার্জিলিঙের প্রধান নদী তিস্তা সিকিম থেকে বের হয়ে এসে এই জেলাটিকে দু'ভাগে ভাগ করে জলপাইগুড়ি জেলাতে প্রবেশ করেছে। এছাড়া মেচ নদী পশ্চিম সীমান্ত দিয়ে প্রবাহিত হয়ে এই জেলাটিকে নেপাল থেকে পৃথক করেছে এবং কার্শিয়াঙের দার্জিলিং পাহাড় থেকে মহানন্দা নদীর উৎপত্তি হয়েছে।

অতীত থেকে দার্জিলিংয়ের জলবায়ু স্বাস্থ্যকর। বর্তমানে বিশ্ব উষ্ণায়নের কারণে এখানকার গড় তাপমাত্রা বৃদ্ধি পেলেও আগে নভেম্বর মাস থেকে মার্চ মাস পর্যন্ত এখানে প্রচণ্ড শীত পড়ত। তখন এখানকার স্থানীয় অধিবাসী ভুটিয়া ও লেপচারা ছাড়া অন্যান্য প্রায় সবাই নিচের দিকে নেমে যেতেন। তবে তখনও অক্টোবর মাসে আকাশ পরিষ্কার থাকলে এখানে ভ্রমণ- বিলাসীরা ভীড় জমাতেন।

বৃটিশযুগের প্রথমদিকে দার্জিলিংয়ে পৌঁছানোর পথ অত্যন্ত দুর্গম ছিল, এবং সেকারণেই পরে এখানে ন্যারো গেজের রেললাইন পাতা হয়েছিল। এরপরে ১৮৭৮ সালে তখনকার পূর্ববঙ্গ রেলপথের একটা শাখা শিলিগুড়ি পর্যন্ত খোলা হয়েছিল। বর্তমানে এই শিলিগুড়ি থেকেই দার্জিলিং-হিমালয়ান রেলপথ চালু রয়েছে, যে পথে সাত হাজার ফুট উঁচু শহরটিতে উঠবার জন্য ক্ষুদ্র বগীর ট্রেনটি পাহাড় বেষ্টন করে বক্র সর্পিল গতিতে ঝিক ঝিক করে এগিয়ে চলে। অতীত থেকেই এই দার্জিলিং-হিমালয়ান রেলপথ ইঞ্জিনিয়ারিং-শিল্পের এক মহাবিস্ময় হিসেবে চিহ্নিত।

অন্যদিকে দার্জিলিংয়ের ইতিহাসও কম বিচিত্র নয়। ইতিহাস বলে যে, ১৮১৫ সালে নেপালি গুর্খাসৈন্যরা দুর্বল সিকিম রাজ্যকে আক্রমণ করে সিকিমের রাজাকে রাজ্যচ্যুত করলে সিকিমের রাজা ইংরেজদের সাহায্যপ্রার্থী হয়েছিলেন। এরপরে

ইংরেজদের সাহায্যেই সিকিমের রাজা পুনরায় নিজের রাজ্য ফিরে পেয়েছিলেন। এভাবে তখনকার মত নেপাল-সিকিমের মধ্যেকার বিরোধ মিটে গেলেও ১৮২৮ সালে নেপালি ফৌজ পুনরায় সিকিমে ঢুকে পড়েছিল এবং সেবারও ইংরেজরা সিকিমের রাজাকে যুদ্ধে সাহায্য করেছিলেন। এরফলে তখন থেকেই সিকিম রাজ্যে ইংরেজদের খাতির বেড়ে গিয়েছিল এবং দলে দলে ইংরেজ-পর্যটকরা সিকিম ভ্রমণে যেতে আরম্ভ করেছিলেন। সেই সময়েই আই. ডবলু. গ্রান্ট নামের একজন ইংরেজ উদ্ভিদ-বিজ্ঞানী হিমালয় অঞ্চলের বিভিন্ন গাছপালা পরীক্ষা করবার জন্য ইস্ট ইন্ডিয়া কোম্পানির সৈন্যবিভাগের ক্যাপ্টেন লয়েডকে নিয়ে সিকিম ভ্রমণে গিয়েছিলেন এবং তাঁরা দার্জিলিংয়ের পার্বত্য অঞ্চলে ভ্রমণ করে সেখানকার প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়েছিলেন। এরপরে কিছুদিন ধরে ওই অঞ্চলে বাস করবার পরে, সেখানকার জলবায়ু বেশ স্বাস্থ্যকর দেখে তাঁরা তৎকালীন ভারতবর্ষের বড়লাট লর্ড বেন্টিঙ্ককে একটি পত্র লিখে প্রস্তাব দিয়েছিলেন যে নেপাল, ভূটান আর তিব্বতের মাঝখানে একটা ইংরেজ উপনিবেশ স্থাপিত হলে সেটা ইংরেজদের জন্য মঙ্গলজনক হবে। বলাই বাহুল্য যে, বেন্টিঙ্ক তাঁদের এই প্রস্তাব লুফে নিয়েছিলেন। কারণ, এর আগে থেকেই তিনি এই অঞ্চলে একটা ইংরেজ-ঘাঁটি তৈরি করবার কথা ভাবছিলেন। এরপরে বেন্টিঙ্ক তৎকালীন বৃটিশ ভারতের জরিপ-বিভাগের প্রধান কর্মচারী হার্বার্ট সাহেবকে এই জায়গাটা সম্বন্ধে একটা বিস্তারিত রিপোর্ট দেওয়ার আদেশ দিয়েছিলেন। তাঁর আদেশ পাওয়ার পরে উদ্ভিদ -বিজ্ঞানী গ্রান্ট আর হার্বার্ট সাহেব জায়গাটা ভালভাবে পরীক্ষা করে বড়লাট বেন্টিঙ্ককে জায়গাটি নিয়ে সবুজ সঙ্কেত দিয়েছিলেন। এরপরে ১৮৩০ সালে বড়লাট বেন্টিঙ্ক সিকিমের মহারাজার কাছ থেকে এই অঞ্চলের ১৩৮ বর্গমাইল জমি বার্ষিক তিনহাজার টাকা খাজনায় বন্দোবস্ত করে নিয়েছিলেন। তখন এই জায়গাটার সীমানা ছিল উত্তরে রঙ্গি নদী, এবং পূর্বদিকে রঙ্গমাই ও মহানন্দা। পরবর্তীকালে নেপাল যুদ্ধে প্রসিদ্ধ ক্যাম্পবেল সাহেব ঠিক করেছিলেন যে, এখানেই তিনি অসুস্থ ইংরেজদের জন্য একটা স্বাস্থ্য-নিবাস গড়ে তুলবেন। আর এরপরেই মাত্র কুড়িটি পরিবার নিয়ে বৃটিশ ভারতে দার্জিলিঙের নতুন জনপদটি গড়ে উঠেছিল।

কিন্তু অন্যদিকে ঠিক সেই সময়েই নতুন এক বিপদ ঘনিয়ে এসেছিল। ইতিমধ্যে একজন তিব্বতি কূটনীতিজ্ঞ সিকিম রাজার মন্ত্রণা দাতা নিযুক্ত হওয়ার পরে তাঁর পরামর্শে সিকিমরাজ সমস্ত ইংরেজ-পর্যটকদের সিকিম থেকে বিতাড়িত করে দিয়েছিলেন। শুধু সেটাই নয়, স্বাস্থ্য-নিবাসের ডাক্তার হুভার আর ক্যাম্পবেল সাহেবকে বন্দি করেও তখন তাঁদের উপরে নিদারুণ অত্যাচার চালানো হয়েছিল। এই খবর কলকাতায় পৌঁছানোর পরে ক্ষিপ্ত ইংরেজরা বড়লাটকে সিকিমে ইংরেজ সৈন্য প্রেরণ করবার জন্য অনুরোধ করলে, ইংরেজ সৈন্যরা এগিয়ে আসছে।এই সংবাদ শুনেই ভীত হয়ে সিকিমরাজ ক্যাম্পবেল আর ডাঃ হুভারকে মুক্ত করে দিয়েছিলেন। এরপরে তাঁরা দীর্ঘ পার্বত্যপথ অনাহারে অতিক্রম করে করে ইংরেজ এলাকায় প্রাচ্যতত্ত্ববিদ হজসন সাহেবের বাংলোয় পৌঁছালে, তাঁদের অনাহার-শীর্ণ মূর্তি দেখে হজসন প্রথমে তাঁদের ভূত ভেবে আঁতকে উঠেছিলেন। পরবর্তী সময়ে এই ঘটনার শাস্তিস্বরূপ সিকিমরাজকে তরাই অঞ্চলটিকে ইংরেজদের হাতে ছেড়ে দিতে হয়েছিল। এরপরে ১৮৫৪ সালে ইংরেজ সৈন্যরা ভূটানরাজ্যের কিছু অংশ, তিস্তার পূর্বদিকের ৪৮৭ মাইল অঞ্চল অধিকার করে নিয়ে দার্জিলিঙের আয়তন আরও বৃদ্ধি করে দিয়েছিলেন। আর এভাবেই দার্জিলিং ক্রমশঃ একটা জেলার রূপ পেয়েছিল।

দার্জিলিংয়ে দেখবার আর বেড়াবার মত অনেক জায়গা রয়েছে। এখানকার জলাপাহাড়, সিঞ্চললেক অবজারভেটরী, ভিক্টোরিয়াপ্রপাত অতীত থেকেই সারা পৃথিবীর পর্যটকদের মুগ্ধ করে চলেছে। পাহাড়ের চূড়ো ছেঁটে সমতল করে তৈরি দার্জিলিংয়ের ম্যাল বর্তমানে এখানে ভ্রমণকারীদের কাছে স্বর্গস্বরূপ। কুয়াশা-মুক্ত ভোরে এখানে টাইগারহিল থেকে কাঞ্চনজঙ্ঘা দেখা যায়।

বৃটিশ আমলের শুরুর দিকে দার্জিলিঙের প্রায় সবটাই অরণ্য ছিল, আর তরাই ছিল তখনকার দার্জিলিং জেলার অরণ্য-সম্পদের শ্রেষ্ঠ অঞ্চল। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, এখানে ইংরেজ উপনিবেশ স্থাপনের দু'বছরের মধ্যে সম্ভবতঃ শ'দুয়েক মানুষও তরাই অঞ্চলে বাস করতে রাজি হননি। কিন্তু এরপরে যেদিন থেকে দার্জিলিং অঞ্চলে চায়ের চাষ আরম্ভ হয়েছিল, সেদিন থেকেই এই জেলার সৌভাগ্যের সূত্রপাত ঘটেছিল। কারণ, এর কিছুকাল পরেই কার্শিয়াংয়ে ব্যবসায়িক ভিত্তিতে চায়ের চাষ আরম্ভ হয়েছিল এবং বিলাতে অনুষ্ঠিত সারা পৃথিবীর চায়ের একটি প্রদর্শনীতে কার্শিয়াংয়ের সেই চা শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছিল। আর সেদিন থেকেই দার্জিলিংয়ের চায়ের সুখ্যাতি সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছিল। প্রথমদিকে দার্জিলিংয়ে মোট ৬২টা চায়ের বাগান থাকলেও পরবর্তী কুড়ি বছরের মধ্যে এই সংখ্যাটা তিনগুণ বৃদ্ধি পেয়েছিল।

বৃটিশ আমল থেকেই এই জেলার মংপুতে সরকারি ব্যবস্থাপনায় ম্যালেরিয়ার ওষুধ সিঙ্কোনা চাষ করা হয়। অতীতে এখানে রবীন্দ্রনাথ ঠাকুর, দার্শনিক সুরেন্দ্র দাশগুপ্তের বিদুষী কন্যা মৈত্রেয়ী দেবীর গৃহে বেশ কিছুদিন কাটিয়ে গিয়েছিলেন। এছাড়া কালিম্পং,এ গৌরীপুরের জমিদার বাড়িতেও রবীন্দ্রনাথ মাঝে মাঝেই স্বাস্থ্যোদ্ধারের জন্য বাস করেছিলেন। এই কালিম্পং থেকেই কবি একবার তাঁর জন্মদিনে টেলিফোন মারফত সুবিখ্যাত 'জন্মদিন' কবিতাটি আবৃত্তি করে দেশবাসীকে শুনিয়েছিলেন। সেই প্রথম অল ইণ্ডিয়া রেডিও কর্তৃপক্ষের প্রচেষ্টায় এখানে টেলিফোন লাইন বসানো হয়েছিল, এর আগে এখানে টেলিফোন লাইন ছিল না। পরবর্তীসময়ে এই জমিদার বাড়ির কাছেই কবির পুত্র রথীন্দ্রনাথ আরেকটা বাড়ি তৈরি করিয়ে ছিলেন, যেখানে পরে সরকারি উদ্যোগে চালিত একটি চারু-শিল্প বিদ্যালয় গড়ে উঠেছিল।

দার্জিলিঙের প্রাকৃতিক সৌন্দর্য ছাড়াও এখানকার বোটানিক্যাল গার্ডেনও সেই বৃটিশ আমল থেকেই একটি দেখবার বস্তু। এখানে নানা জাতীয় দুষ্প্রাপ্য আর্কিডের সংগ্রহ রয়েছে।

এখানকার 'স্টেপ-এসাইড' নামক বাড়িটিতেই ভারতবর্ষের সর্বত্যাগী শ্রেষ্ঠ জননায়ক দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ তাঁর শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিলেন। স্বাধীনতার পরে পশ্চিমবঙ্গের রাজ্যপাল হরেন্দ্রনাথ মুখোপাধ্যায় বহু শ্রমে অর্থসংগ্রহ করে এই বাড়িটিকে একটি জাতীয় সম্পত্তিতে পরিণত করেছিলেন। আজও এখানে অসুস্থ মানুষেরা নিজেদের স্বাস্থ্যোদ্ধার করবার জন্য এসে বাস করেন। আর এই দার্জিলিঙেই সিস্টার নিবেদিতার জীবনাবসান ঘটেছিল। এখানকার স্থানীয় শ্মশানে তাঁর একটি সমাধি মন্দির রয়েছে।

স্বাধীনতা লাভের পরে শিলিগুড়ি থেকে কয়েক মাইলের মধ্যে অবস্থিত রামমোহনপুরে উত্তর -বঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল। ঊনিশ শতকের বাংলার নব-জাগরণের হোতা রাজা রামমোহনের পুণ্য নাম থেকেই এই জায়গাটির নামকরণ করা হয়েছিল। এর কাছেই জলপাইগুড়ি সীমান্তে অবস্থিত বাগডোগরায় একটি বিমান বন্দর রয়েছে, যার ফলে বিশেষ করে কলকাতার সঙ্গে দার্জিলিং জেলার যোগাযোগ সহজ হয়েছে।

এই জেলার শিলিগুড়ি থেকে কালিম্পং হয়ে সিকিমের রাজধানী গ্যাংটকে সিকিম রোড চলে গিয়েছে। সেই অতীত থেকেই দার্জিলিংয়ের পাহাড়ি পথগুলো খুবই চমৎকার।

লেখক ঃ রানা চক্রবর্তী

'জীবন পুরের পথিক রে ভাই' গানের সুর দিতে গিয়ে সঙ্গীত শিল্পীরা দাদা হেমন্ত মুখোপাধ্যায়ের দিকে তাকায়

বিশেষ প্রতিবেদক

জীবনপুরের পথিক রে ভাই.... । সিনেমায় এত গানের ব্যবহার ভারতের একেবারে নিজস্ব বৈশিষ্ট্য, বিশ্বের অন্যত্র যা বিরল। ছায়াছবির গান নিয়ে ভারতীয়দের উন্মাদনার শুরু সেই সবাক চলচ্চিত্রের আরম্ভের সময়

থেকেই। সিনেমার তত্ত্বগত দিক থেকে Film Music বিষয়টাকে যেভাবে ভাবা হয়, তার সঙ্গে আমাদের দেশের অধিকাংশ ছবি ঘিরে 'ছায়াছবির গান'-এর যে ধারা, তাকে মেলানো বোধহয় ঠিক নয়। বাংলা ছবিতেও একইভাবে গানের উপস্থিতি অবশ্যম্ভাবী হয়ে আছে ছবি কথা বলে ওঠার সময় থেকেই।

চিত্রপরিচালক তরুণ মজুমদারের ছবিতে গান কতটা মুখ্য ভূমিকা নিয়েছে, তা নিয়ে নতুন করে কিছু বলার নেই। তিনি নিজে সংগীতবোদ্ধা ছিলেন। ফলে, তাঁর সঙ্গে সংগীত পরিচালকদের চিন্তাধারার তালমিলটা হত খুব ভালো। ছবিতে গান ব্যবহারের ব্যাপারে সংগীত পরিচালকের সঙ্গে তরুণবাবুরও যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা থাকত। এই বোঝাপড়ায় যাতে কোনও অসুবিধে না হয়, সম্ভবত সেই কারণেই আমরা দেখি, তরুণবাবুর প্রথম ও শেষের দিকের কয়েকটি ছবি বাদে একটানা তাঁর সঙ্গে সংগীত পরিচালক হিসেবে কাজ করে গেছেন হেমন্ত মুখোপাধ্যায়। এর ফলে, বেশিরভাগ ক্ষেত্রে গানের নির্মাণ ও নির্বাচন এবং তা নিয়ে দৃশ্যরচনা, হয়ে উঠেছে আদর্শ ও মনোগ্রাহী, যার মধ্যে আছে রবীন্দ্রনাথের গানের উজ্জ্বল উপস্থিতি। এমন অজস্র গানের দৃশ্যের কথা বলা যায় তরুণ মজুমদারের ছবিগুলির ধারাবাহিক আলোচনা করলে। তবে এই স্বল্প পরিসরে যেহেতু তা সম্ভব নয়, তাই বেছে নিলাম আমার প্রিয় কয়েকটি গানের দৃশ্য, যেগুলির সুরম্য তথা সুরময় অভিঘাত আমার মনে আজও টাটকা, যেখানে সুর-কথা-দৃশ্য পরিকল্পনার মেল বন্ধন যেন অদৃশ্য সূত্রে গ্রন্থিত হয়ে রয়েছে।

তরুণ মজুমদারের সঙ্গে শচীন মুখোপাধ্যায় ও দিলীপ মুখোপাধ্যায় মিলে গড়ে তুলেছিলেন 'যাত্রিক' পরিচালক গোষ্ঠী। এঁদের প্রথম পরিচালিত ছবি 'চাওয়া পাওয়া' (১৯৫৯)। নায়ক-নায়িকা উত্তম সুচিত্রা। সংগীত পরিচালক নচিকেতা ঘোষ। ছবিতে ঘটনাচক্রে নায়ক নায়িকার দেখা হয়ে গেছে এবং তাঁরা গিয়ে পড়েছেন এক আস্তানায়। বাধ্য হয়ে দু'জনকে পরিচয় দিতে হয়েছে স্বামী-স্ত্রী হিসেবে। চাঁদের আলোয় ভেসে যাওয়া চরাচরে, ছাদের ওপর বাড়ির লোকেরা দু'জনকে নিয়ে রোম্যান্টিকতায় মেতে উঠেছেন। সুচিত্রার গলায় মালা পরিয়ে, সাজানো হয়েছে কনের সাজে। একটু দূরে দাঁড়িয়ে উত্তম। তখনও পর্যন্ত বাস্তবে এসব সত্যি না হলেও, দুজনের হৃদয় একে সত্যি বলে ভাবতে চাইছে। এই সময় সন্ধ্যা-কণ্ঠে সুচিত্রা গেয়ে উঠলেন 'এই যে কাছে থাকা,এই যে বসে থাকা, বন্ধু জেনো, এ তো খেলা নয়।' নায়কের উদ্দেশ্যে নিশ্চিত প্রেমের বার্তা। গান যেই শেষ হয়, উত্তম-ওষ্ঠে এসে বসেন হেমন্ত মুখোপাধ্যায় যদি ভাবো/ এ তো খেলা নয়/ ভুল সে তো শুরুতেই। প্রেমের পথেই নায়িকার গানের উত্তর। অপূর্ব গানদুটিকে সঙ্গী করে এই দৃশ্যভাবনার কোনও তুলনা নেই, যেখানে পরিচালকের সঙ্গে সেলাম জানাতে হবে সুরকারকেও। কেন আমাদের কাছে সুচিত্রা মানে সন্ধ্যা, আর উত্তম মানে হেমন্ত-কণ্ঠ, তার অন্যতম সেরা দৃষ্টান্ত 'চাওয়া পাওয়া'-র এই দৃশ্যটি।

'যাত্রিক'-এর তৃতীয় ছবি 'কাঁচের স্বর্গ' (১৯৬২)। ছবিতে রয়েছে, নায়ক দিলীপ মুখোপাধণ্ড্যায় অত্যন্ত মেধাবী হয়েও ডাক্তারি পড়া শেষ করতে পারলেন না অবস্থার ফেরে পড়ে। কিন্তু চাকরির তাড়নায় পাশ করা ডাক্তার পরিচয় দিয়ে যোগ দিলেন একটি হাসপাতালে। সেখানে অসাধারণ স্বাক্ষর রাখলেন কাজের। কিন্তু একটা সময় এল, যখন তাঁর আসল পরিচয় ধরা পড়ে গেল। জীবনে চলা আলো-অন্ধকারের এই টানাপোড়েনে তছনছ হতে লাগলেন নায়ক। এইসব অবস্থার মধ্যে একটি পরিস্থিতিতে ব্যবহার করা হয়েছে দ্বিজেন মুখোপাধ্যায়ের গলায় রবীন্দ্রনাথের 'দিনগুলি মোর সোনার খাঁচায় রইল না' গানটি। অবশ্যই অনবদ্য প্রয়োগ, যা তরুণবাবুর ছবির বিভিন্ন আলোচনাতেও বারবার এসেছে। কিন্তু এই ছবিতেই আরেকটি রবীন্দ্র সংগীত 'আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে' যেভাবে পরিচালক ব্যবহার করেছেন দৃশ্যরচনায়, তা ভাবা যায় না। ছবির সংগীত পরিচালক ছিলেন স্বনামধন্য সুরসাধক জ্যোতিরিন্দ্র মৈত্র। এরকম একজন বিরাট মাপের সংগীতগুণীর ছোঁয়ায়, রবীন্দ্রসংগীতের ব্যবহার একটা অন্য মাত্রা পেয়েছে ছবিতে। দু'বার দু'রকম লয়ে গানটির ব্যবহার, অন্তরে ধাক্কা লাগিয়ে দেয়। প্রথমে একবার হয় স্বাভাবিক লয়ে, যেভাবে সাধারণত গাওয়া হয় 'আগুনের পরশমণি'। কিন্তু আর একবার, যখন নায়কের মানসিক দ্বন্দ্ব চরম আকার নিয়েছে, সেইসময় দ্রুত লয়ে গানটি কোরাসে ভেসে আসে দূর থেকে। এই গান যে ঐভাবে দ্রতগামী হয়ে, ছবির পরিস্থিতিকে, নায়কের মনের উথালপাথালকে পরিস্ফুট করে তুলতে পারে, তা না দেখলে ও শুনলে বোঝা যাবে না। সংগীত-প্রয়োগের এই অভিনব ভাবনা সত্যিই অতুলনীয়।

তরুণ মজুমদার, দিলীপ মুখোপাধ্যায় ও শচীন মুখোপাধ্যায়ের মিলিত উদ্যোগে গড়ে ওঠা 'যাত্রিক' গোষ্ঠীর শেষ ছবি 'পলাতক' (১৯৬৩)। তার পরেই তরুণ মজুমদার এই গোষ্ঠী থেকে বেরিয়ে এসে এককভাবে ছবি করতে শুরু করেন। আর শচীন মুখোপাধণ্ড্যায়ও বেরিয়ে যান। তারপর অবশ্য দিলীপ মুখোপাধ্যায় একা 'যাত্রিক' নামে কয়েকটি ছবি পরিচালনা করেছিলেন। 'পলাতক' থেকেই তরুণ মজুমদারের সঙ্গে হেমন্ত মুখোপাধ্যায়ের গাঁটছড়ার আরম্ভ। যখন ছবির সংগীত পরিচালনার প্রস্তাব নিয়ে তরুণবাবু যান হেমন্ত মুখোপাধ্যায়ের কাছে, প্রথমে তিনি রাজি ছিলেন না।

রবীন্দ্র দৃষ্টিতে বাংলার অপরূপ প্রকৃতি-রূপ

শঙ্করলাল কর্মকার

আজ সকালে জাহাজের ছাদের উপর রেলিঙ ধরিয়া দাঁড়াইয়াছিলাম । আকাশের পান্ডুর নীল ও সমুদ্রের নিবিড় নীলিমার মাঝখান দিয়া পশ্চিম দিগন্ত হইতে মৃদুশীতল বাতাস আসিতেছিল। আমার

ললাট মাধুর্যে অভিষিক্ত হইল । আমার মন বলিতে লাগিল, এই তো তাঁহার প্রসাদসুধার প্রবাহ। সকল সময় মন এমন করিয়া বলে না । অনেক সময় বাহিরের সৌন্দর্যকে আমরা বাহিরে দেখি- তাহাতে চোখ জুড়ায়, কিন্তু তাহাকে অন্তরে গ্রহণ করি না। ঠিক যেন অমৃত ফলকে আঘ্রাণ করি, তাহার স্বাদ লই না। কিন্তু সৌন্দর্য যেদিন অন্তররাত্মাকে প্রত্যক্ষ স্পর্শ করে সেই দিন তাহার মধ্য হইতে অসীম একেবারে উদ্ভাসিত হইয়া উঠে। তখনি সমস্ত মন এক মুহূর্তে গান গাহিয়া উঠে, নহে, নহে, এ শুধু বর্ণ নহে, গন্ধ নহে;- এই তো অমৃত, এই তাঁহার বিশ্বব্যাপী প্রসাদের ধারা। আকাশ ও সমুদ্রের মাঝখানে প্রভাতের আলোকে এই-যে অনির্বচনীয় মাধুর্য স্তরে স্তরে দিকে দিকে বিকশিত হইয়া উঠিয়াছে, ইহা আছে কোন্‌খানে ? ইহা কি জলে ইহা কি বাতাসে ? এই ধারণার অতীতকে কে ধারণ করিতে পারে। ইহাই আনন্দ, ইহাই প্রসাদ। ইহাই দেশে দেশে, কালে কালে, অগণ্য প্রাণীর প্রাণ জুড়াইয়া দিতেছে, মন হরণ করিতেছে;- ইহা আর কিছুতেই ফুরাইল না । ইহারই অমৃতস্পর্শে কত কবি কবিতা লিখিল, কত শিল্পী শিল্প রচনা করিল, কত জননীর হৃদয় স্নেহে গলিল, কত প্রেমিকের চিত্ত প্রেমে ব্যাকুল হইয়া উঠিল ;- সীমার বক্ষ রন্ধ্রে রন্ধ্রে ভেদ করিয়া এই অসীমের অমৃত-ফোয়ারা কত লীলাতেই যে লোকে লোকে উৎসারিত প্রবাহিত হইয়া চলিল তাহার আর অন্ত দেখি না;- অন্ত দেখি না । তাহা আশ্চর্য, পরমাশ্চর্য ।ইহার আনন্দরূপমমৃতম্‌। রূপ এখানে শেষ কথা নহে, মৃত্যু এখানে শেষ অর্থ নহে। এই-যে রূপের মধ্য দিয়া আনন্দ, মৃত্যুর মধ্য দিয়া অমৃত। শুধুই রূপের মধ্যে আসিয়া মন ঠেকিল, মৃত্যুর মধ্যে আসিয়া চিন্তা ফুরাইল, তবে জগতে জন্মগ্রহণ করিয়া কী পাইলাম ! বস্তুকে দেখিলাম সত্যকে দেখিলাম না! আমার কি কেবলই চোখ আছে, কান আছে । আমার মধ্যে কি সত্য নাই, আনন্দ নাই । সেই আমার সত্য দিয়া আনন্দ দিয়া যখন পরিপূর্ণ দৃষ্টিতে জগতের দিকে চাহিয়া দেখি তখনি দেখিতে পাই, সম্মুখে আমার এই তরঙ্গিত সমুদ্র ;- এই প্রাবাহিত বায়ু ;- এই প্রসারিত আলোক ;- বস্তু নহে, ইহা সমস্তই আনন্দ, সমস্তই লীলা, ইহার সমস্ত অর্থ একমাত্র তাঁহারই মধ্যে আছে; তিনি এ কী দেখাই তেছেন, কী বলিতেছেন, আমি তাহার কী-ই বা জানি! এই আকশপ্লাবী আনন্দের সহস্রলক্ষ ধারা যেখানে এক মহাস্রোতে মিলিয়া আবার তাঁহারই এই হৃদয়ের মধ্যে ফিরিয়া যাইতেছে সেইখানে মুহূর্তকালের জন্য দাঁড়াইতে পারিলে এই সমস্ত-কিছুর মহৎ অর্থ, ইহার পরম পরিণামটিকে দেখিতে পাইতাম । এই-যে অচিন্তনীয় শক্তি, এই-যে অবর্ণনীয় সৌন্দর্য, এই-যে অপরিসীম সত্য, এই-যে অপরিমেয় আনন্দ, ইহাকে যদি কেবল মাটি এবং জল বলিয়া জানিয়া গেলাম তবে ...(কবিগুরু)

GOING TOGETHER
GROWING TOGETHER

RDB REAL ESTATE CONSTRUCTIONS LIMITED

CIN: U70200WB2018PLC227169

Registered & Corporate Office: Bikaner Building , 8/1 Lal Bazar Street, 1st Floor I Room No. 11, Kolkata I West Bengal I India, 700001

Phone : 033-4450 0500 I **Email id -** secretarial@rdbrealty.com

Website : www.rdbrealty.com

PUBLIC ANNOUNCEMENT FOR THE ATTENTION OF THE SHAREHOLDERS OF RDB REAL ESTATE CONSTRUCTIONS LIMITED ("THE COMPANY ")

STATUTORY ADVERTISEMENT ISSUED IN COMPLIANCE WITH PART - II A PARA 5 TO SEBI MASTER CIRCULAR NO. SEBI/HO/CFD/POD-2 /P/CIR/ 2023/93 DATED JUNE 20, 2023 AS AMENDED ISSUED UNDER SECTION 11 OF THE SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA ACT 1992 READ WITH RULE 19(7) OFTHE SECURITES CONTRACTS (REGULATION) RULES, 1957 ("SCRR") PURSUANT TO GRANT OF RELAXATION BY SEBI FROM THE APPLICABILITY OF RULE 19(2)(B) OF THE SCRR.

1. About the Scheme of Arrangement and Demerger

The Hon'ble National Company Law Tribunal, Kolkata Bench Vide its Order dated 21st May, 2024 has approved the Scheme of Arrangement between the Company and RDB Infrastructure and Power Limited (formerly known as RDB Realty & Infrastructure Limited) whereby and where under the Realty Business Undertaking of RDB Infrastructure and Power Limited (formerly known as RDB Realty & Infrastructure Limited) has been transferred to and vested with the Company with effect from 1st October, 2022 (i.e. the appointed date under the Scheme), under Section 230 to 233 of the Companies Act, 2013. The Company has filed necessary forms with the Ministry of Corporate affairs for registering the said order passed by the Hon'ble National Company Law Tribunal, Kolkata Bench.

Pursuant to the Scheme, the Company has issued and allotted to every equity shareholder of the Demerged Company whose name is recorded in the register of members of the Demerged Company on the record date being 21st August, 2024, in the ratio of 1 (One) Equity Share of Rs.10/- each credited as fully paid-up for every 1 (One) Equity Share of Rs.10/- each fully paid-up held by such Equity Shareholder in the Demerged Company.

2. Details of change of name and/or object clause

RDB Real Estate Constructions Limited (hereinafter referred to as "RRECL") was incorporated on 27th day of July, 2018 as a Private Limited Company, Limited by Shares under the provisions of the Companies Act, 2013 in the state of West Bengal under the name and style of "BARON REAL ESTATE PRIVATE LIMITED". Subsequently, the Company was converted into a Public Limited Company by shares on 17th day of September, 2018 under the relevant provisions of the Companies Act, 2013 and a Fresh Certificate of Incorporation consequent upon Change of Name and on Conversion to Public Limited Company was obtained and included in its Memorandum of Association. Later, the name of the company was again changed to "RDB REAL ESTATE CONSTRUCTIONS LIMITED" and a fresh Certificate of Incorporation consequent to change of name was obtained from Registrar of Companies, West Bengal on 30th day of January, 2019 and was included in its Memorandum of Association. The Corporate Identification number of the Company is U70200WB2018PLC227169.

Thereafter, no changes were made in the name or object clause of the Company.

3. CAPITAL STRUCTURE

AUTHORISED SHARE CAPITAL		SHARE CAPITAL (Rs.) PRE-ARRANGEMENT	SHARE CAPITAL (Rs.) POST ARRANGEMENT
32,50,000	Equity Sharesof Rs.10/- each	3,25,00,000	
1,90,00,000	Equity Sharesof Rs.10/- each		19,00,00,000
	TOTAL	**3,25,00,000**	**19,00,00,000**
	ISSUED,SUBSCRIBEDANDPAID-UPCAPITAL		
10,10,000	Equity Shares of Rs.10/- each	1,01,00,000	
1,72,83,400	Equity Shares of Rs.10/ -each		17,28,34,000
	TOTAL	**1,01,00,000**	**17,28,34,000**

4. Shareholding pattern giving details of the promoter group shareholding, group companies

PRE-SCHEME SHAREHOLDING PATTERN OF THE COMPANY

Category (I)	Category of shareholder (II)	Nos. of share-holders (III)	Nos. of fully paid-up equity shares-held (IV)	Nos. of partly paid-up equity shares-held (V)	Nos. of shares underlying Depository Receipt (VI)	Total nos. shares-held (VII)=(IV)+(V)+(VI)	Share holding as a % of total no. of shares (calculated as per SCRR,1957) (VIII) As a% of (A+B+C2)	Number of Voting Rights held in each class of securities (IX): No.of Voting Right Class eg: X	Class eg: Y	Total	Total as a% of (A+B+C)	No.of Shares Underlying convertible securities (Including Warrants) (X)	Share holdingas a% assuming full conversion of convertible securities (as a percentage of diluted share capital) (XI)=(VII)+(X) as a% of (A+B+C)	Number of Locked in shares (XII) No. (a)	As a% of total Shares-held (b)	Number of Shares pledged or otherwise encumbered (XIII) No. (a)	As a% of total Shares-held (b)	Number of equity shares held inematerialized form (XIV)
(A)	Promoter & Promoter Group	7	1010000	0	0	1010000	100.000	1010000	0	1010000	100.000	0	100.000	0	0.000	0	0.000	1010000
(B)	Public	0	0	0	0	0	0.000	0	0	0	0.000	0	0.000	0	0.000	0	0.000	0
(C)	NonPromoter -NonPublic																	
(C1)	Shares underlying DRs																	
(C2)	Shares held by Employee Trusts																	
	TOTAL	7	1010000	0	0	1010000	100.000	1010000	0	1010000	100.000	0	100.000	0	0.000	0	0.000	1010000

POST SHAREHOLDING PATTERN OF THE COMPANY

Category (I)	Category of shareholder (II)	Nos. of share-holders (III)	Nos. of fully paid-up equity shares-held (IV)	Nos. of partly paid-up equity shares-held (V)	Nos. of shares underlying Depository Receipt (VI)	Total nos. shares-held (VII)=(IV)+(V)+(VI)	Share holding as a % of total no. of shares (calculated as per SCRR,1957) (VIII) As a% of (A+B+C2)	Number of Voting Rights held in each class of securities (IX): No.of Voting Right Class eg: X	Class eg :Y	Total	Total as a% of (A+B+C)	No.of Shares Underlying convertible securities (Including Warrants) (X)	Share holdingas a% assuming full conversion of convertible securities (as a percentage of diluted share capital) (XI)=(VII)+(X) as a% of	Number of Locked in shares (XII) No. (a)	As a% of total Shares-held (b)	Number of Shares pledged or otherwise encumbered (XIII) No. (a)	As a% of total Shares-held (b)	Number of equity shares held inematerialized form (XIV)
(A)	Promoter& PromoterGroup	13	12170457	0	0	12170457	70.417	12170457	0	12170457	70.417	0	70.417	0	0.000	0	0.000	12170457
(B)	Public	3776	5112943	0	0	5112943	29.583	5112943	0	5112943	29.583	0	29.583	0	0.000	0	0.000	5025573
(C)	NonPromoter - Non Public																	
(C1)	Sharesunderlying DRs																	
(C2)	Shares heldby EmployeeTrusts																	
	TOTAL	3789	17283400	0		17283400	100.000	17283400	0	17283400	100.000	0	100.000	0	0.000	0	0.000	17196030

Promotors Shareholding Pre Arrangement

Sl.No.	Name of the Promoter	No.of shares of Rs. 10/- each	% of total paid up capital
1	RDB INFRASTRUCTURE AND POWER LIMITED	1010000	100%

Promotors Shareholding Post Arrangement

Sl.No.	Name of the Promoter	No.of shares of Rs. 10/- each	% of total paid up capital
1	KUSUM DEVI DUGAR	5000	0.029
2	REKHA JHABAK	2950	0.017
3	SHEETAL DUGAR	1639882	9.48
4	SUNDER LAL DUGAR	67200	0.389
5	VINOD DUGAR	46400	0.268
6	VINOD DUGAR	2071523	11.986
7	YASHASHWI DUGAR	55	0.000
8	ANKUR CONSTRUCTIONS PVT LTD.	375000	2.170
9	BFM INDUSTRIES LIMITED	3248600	18.796
10	KHATOD INVESTMENTS AND FINANCE COMPANY LTD	2960625	17.130
11	LOKA PROPERTIES PVT LIMITED	377100	2.182
12	NTC INDUSTRIES LIMITED	1260000	7.290
13	YMS FINANCE PRIVATE LIMITED	116122	0.672
	TOTAL	**12170457**	**70.417**

5. Top 10 largest Shareholders of the Company :

Sl.No.	Name of the Shareholders	No. of Equity Shares	% of total no. of shares
1.	BFM Industries LIMITED	32,48,600	18.796
2.	Khatod Investments & Finance Co Ltd	29,60,625	17.130
3.	Vinod Dugar	20,68,023	11.965
4.	SheetalDugar	16,39,882	9.488
